Time Taken

00:00

Mark Gained

1.চর্যাপদে কোন কবির কোনো পদ নেই?

a. দারিকপা

b. চাটিল্লাপা

c. বীণাপা

d. মীননাথ

Show Answer Show Explanation

Explanation: উত্তর: মীননাথ ড. মুহম্মদ শহীদুল্লা তাকে প্রথম বাঙালি কবি মনে করেন। চর্যাপদে তার কোনো পদ নেই তবে ২১ নং চর্যার টীকায় কেবল চারটি পঙক্তির উল্লেখ আছে।

2.আনোয়ার পাশা ও আবদুল হাই সম্পাদিত চর্যাপদের নাম কী?

a. চর্যাকোষ

b. চর্যাগীতিকা

c. চর্যাপদ

d. চর্যাপদাবলি

Show Answer Show Explanation

Explanation: আনোয়ার পাশা ও আবদুল হাই সম্পাদিত চর্যাপদের নাম চর্যাগীতিকা। সৈয়দ আলী আহসান সম্পাদিত চর্যাপদের নামও চর্যাগীতিকা।

3.চর্যাপদের ভাষা নিয়ে সর্বপ্রথম আলোচনা করেন কে?

a. ক) ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়

b. খ) ড. মুহম্মদ শহীদুল্লাহ্

c. গ) বিজয়চন্দ্র মজুমদার

d. ঘ) রাহুল সাংকৃত্যায়ন

Show Answer Show Explanation

Explanation: গ) বিজয়চন্দ্র মজুমদার ১৯০৭ সালে চর্যাপদ আবিষ্কারের পর থেকে অনেক পণ্ডিত এ বিষয়ে আলোচনা করে এর বিভিন্ন বৈশিষ্ট্য সম্পর্কে আলোকপাত করেছেন। - বিজয়চন্দ্র মজুমদার ১৯২০ সালে সর্বপ্রথম চর্যাপদের ভাষা নিয়ে আলোচনা করেন। - ১৯২৬ সালে ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায় 'অরিজিন অ্যান্ড ডেভেলোপমেন্ট অব বেঙ্গলি ল্যাঙ্গুয়েজ' গ্রন্থে সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতিতে বিস্তারিতভাবে চর্যাপদের ভাষার ধ্বনিতত্ত্ব, ব্যাকরণ ও ছন্দ বিচার বিশ্লেষণ করে প্রমাণ করেন চর্যাপদ বাংলা ভাষার সম্পদ। অধিকাংশ ভাষাবিজ্ঞানী এ অভিমত সমর্থন করেন। - ১৯২৭ সালে ড. মুহম্মদ শহীদুল্লাহ্ সর্বপ্রথম চর্যাপদের ধর্মতত্ত্ব বিশ্লেষণ করেন। - ১৯৪৬ সালে ড. শশীভূষণ দাশগুপ্ত সহজযান প্রসঙ্গে চর্যাপদের অর্ন্তনিহিত তত্ত্বের ব্যাখ্যা করেন। - ড. প্রবোধচন্দ্র বাগচী চর্যাপদের তিব্বতি অনুবাদ আবিষ্কার করেন। - বিহারের বিখ্যাত পণ্ডিত রাহুল সাংকৃত্যায়ন বৌদ্ধ সিদ্ধাচর্য, বৈদ্ধ সহজান ও চর্যাগীতিকা নিয়ে ইংরেজি ও হিন্দিতে প্রচুর গবেষণা করেন। উৎস: বাংলা সাহিত্যের ইতিহাস, মাহবুবুল হক।

4.চর্যাপদের সংস্কৃত টিকাকার কে?

a. ক) ড. প্রবোধচন্দ্র বাগচী

b. খ) রাহুল সাংকৃত্যায়ন

c. গ) মুনিদত্ত

d. ঘ) ড. শশীভূষণ দাশগুপ্ত

Show Answer Show Explanation

Explanation: ***গ) মুনিদত্ত*** বাংলা সাহিত্যের আদি নিদর্শন চর্যাপদের পুথিটি যে রুপে পাওয়া যায় তাতে বোঝা যায় এটি বিভিন্ন সময়ে আবর্তিত বিভিন্ন কবির রচিত কবিতার সমষ্টি সংকলন। - কবিতাগুলোর বক্তব্য ও প্রকাশভঙ্গিতে যে দুর্বোধ্যতা ছিলো তা দূর করার জন্য মুনিদত্ত পদগুলোকে একত্রিত করে সংস্কৃত ভাষায় পদগুলোর সহজবোধ্য টিকা রচনা করেন। - হরপ্রসাদ শাস্ত্রীর আবিষ্কৃত পুঁথিতে মূল চর্যাপদ ও মুনিদত্তের সংস্কৃত টিকা যুক্ত আছে। - ড. প্রবোধচন্দ্র এর তিব্বতি অনুবাদ আবিষ্কার করেন। তাতে টিকাকার হিসেবে মুনিদত্তের নাম উল্লেখ পাওয়া যায়। উৎস: বাংলা সাহিত্যের ইতিহাস, মাহবুবুল আলম।

5.ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে চর্যাপদের প্রবীণতম কবি কে?

a. লুইপা

b. সরহ পা

c. কাহ্নপা

d. শবর পা

Show Answer Show Explanation

Explanation: ***শবর পা*** চর্যাপদের আদি কবি লুই পা। কিন্তু শহীদুল্লাহ-র মতে আদি কবি শবর পা। সরহপা ছিলেন সর্বকনিষ্ঠ কবি বা আধুনিকতম কবি।

6.প্রাচীন বাংলা সাহিত্য চর্যাপদে বর্ণিত ‘কামালি’ বলতে কোন পেশার মানুষকে বুঝানো হয়েছে?

a. ক) কামার

b. খ) শিকারী

c. গ) কুমোর

d. ঘ) মাঝি

Show Answer Show Explanation

Explanation: চর্যাপদ প্রাচীন বাংলার সামাজিক রুপের বিশ্বস্ত দলিল। - এখানে সমাজের বিভিন্ন স্তরের মানুষের কথা বলা হয়েছে। - কাপালিক (কাপালি) - ব্রাহ্মন (বাহমন) - যোগী (জোই) - ডোম্বী ইত্যাদী নানা বর্ণের মানুষের কথা বর্ণিত হয়েছে এসকল মানুষেরা নানা পেশায় যুক্ত থাকিতেন, যেমন- - মাঝি (কামালি) - বেশ্যা (দারী) - শিকারী (অহেরী) - নেয়ে (নৌবাহী) ইত্যাদি

## 7.চর্যাপদের আবিষ্কারকের উপাধি কী ছিল?

a. ক) ভাষাচার্য

b. খ) ভাষাবীদ

c. গ) মহামহোপাধ্যায়

d. ঘ) বিদ্বদ্বল্লভ

Show Answer Show Explanation

Explanation: ***'মহামহোপাধ্যায়'*** - হরপ্রসাদ শাস্ত্রী বিখ্যাত বাঙালি ভারততত্ত্ববিদ, সংস্কৃত বিশারদ ও বাংলা সাহিত্যের ইতিহাস রচয়িতা। - তিনি বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যাপদ এর আবিষ্কারক। - তিনি ১৮৯৮ সালে 'মহামহোপাধ্যায়' উপাধি লাভ করেন। - ১৯২৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনারারি ডি.লিট লাভ করেন। - তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা ও সংস্কৃত বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ছিলেন। তাঁর রচিত অন্যান্য গ্রন্থ- - হাজার বছরের পুরান বাঙ্গালা ভাষার বৌদ্ধগান ও দোহা, - প্রাচীন বাংলার গৌরব, - মেঘদূত ব্যাখ্যা, - ভারত মহিলা, - বাল্মীকির জয় - বৌদ্ধধর্ম - কাঞ্চনমালা (উপন্যাস) - বেণের মেয়ে ( উপন্যাস) উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা ,ড. সৌমিত্র শেখর ও বাংলাপিডিয়া।

## 8.বাংলা ভাষার প্রথম কবিতা সংকলন?

a. চর্যাপদ

b. শ্রীকৃষ্ণকীর্তন

c. রামায়ণ

d. মহাভারত

Show Answer Show Explanation

Explanation: ***চর্যাপদ*** ১৮৯১ খ্রিষ্টাব্দে রাজা রাজেন্দ্রলাল মিত্রের মৃত্যুর পর বঙ্গীয় এশিয়াটিক সোসাইটি প্রদত্ত দায়িত্ব পেয়ে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ১৮৯৭ ও ১৮৯৮ খ্রিষ্টাব্দে দুইবার নেপালে যান। ১৯০৭ খ্রিষ্টাব্দে তৃতীয়বারের মতো নেপালে গিয়ে নেপালের রাজ দরবারের গ্রন্থশালা (রয়েল লাইব্রেরি)) থেকে চর্যাপদ সহ হাতে লেখা চারটি গ্রন্থ আবিষ্কার করেন। গ্রন্থ চারটি হলো (১) চর্যাচর্যবিনিশ্চয় (২) সরহপাদের দোহা (3) কৃষ্ণপাদের দোহা (৪) ডাকার্ণব। ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে এটি প্রকাশিত হয়।

9.বৌদ্ধদের কোন সম্প্রদায়ের সাধকগণ চর্যাপদ রচনা করেন?

a. সহজযানী

b. বজ্রযানী

c. মহাযানী

d. হীনযানী

Show Answer Show Explanation

Explanation: ***সহজযানী*** চর্যাপদ- বৌদ্ধ সহজিয়াদের বাংলা ভাষায় রচিত গীতিকবিতা। সহজিয়া মতের প্রবর্তক মীননাথ বা মৎসেন্দ্রনাথ।

10.চর্যাপদের ভাষাকে 'সান্ধ্যভাষা' কে বলেছেন?

a. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

b. ড. দীনেশ চন্দ্র সেন

c. ড. মুহম্মদ শহীদুল্লাহ

d. ড. হরপ্রসাদ শাস্ত্রী

Show Answer Show Explanation

Explanation: ***ড. হরপ্রসাদ শাস্ত্রী*** চর্যাপদের আবিষ্কারক হরপ্রসাদ শাস্ত্রী চর্যাপদের ভাষাকে সন্ধ্যাভাষা বলে আখ্যায়িত করেছেন। তিনি বলেন- 'সন্ধ্যাভাষা মানে আলো আঁধারি ভাষা, কতক আলো, কতক অন্ধকার, খানিক বুঝা যায়, খানিক বুঝা যায় না। উল্লেখ্য যে, চর্যাপদ সাহিত্যচর্চার উদ্দেশ্যে লিখিত হয়নি এটি মূলত ধর্মচর্চার প্রকাশ।

11.বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্তৃক প্রকাশিত চর্যাপদ কে সম্পাদনা করেন?

a. ড. মুহম্মদ শহীদুল্লাহ

b. শ্রী হরপ্রসাদ শাস্ত্রী

c. ড. দীনেশচন্দ্র সেন

d. শ্রী হরলাল রায়

Show Answer Show Explanation

Explanation: ***শ্রী হরপ্রসাদ শাস্ত্রী*** ১৯০৭ খ্রিষ্টাব্দে হরপ্রসাদ শাস্ত্রীনেপালের রাজ দরবারের গ্রন্থশালা (রয়েল লাইব্রেরি)) থেকে চর্যাপদ সহ হাতে লেখা চারটি গ্রন্থ আবিষ্কার করেন। গ্রন্থ চারটি হলো (১) চর্যাচর্যবিনিশ্চয় (২) সরহপাদের দোহা (৩) কৃষ্ণপাদের দোহা (৪) ডাকার্ণব। হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় ১৯১৬ খ্রিষ্টাব্দে (১৩২৩ বঙ্গাব্দ) কলকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে গ্রন্থ চারটি “হাজার বছরের পুরান বাঙ্গালা ভাষায় বৌদ্ধ গান ও দোহা নামে প্রকাশিত হয়। গ্রন্থ চারটির মধ্যে কেবল চর্যাপদের ভাষা বাংলা। বাকিগুলো অপভ্রংশ ভাষায় রচিত।

12.বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীনতম মুসলমান কবি কে?

a. শাহ মুহম্মদ সগীর

b. সাবিরিদ খান

c. শেখ ফয়জুল্লাহ

d. মুহম্মদ কবীর

Show Answer Show Explanation

Explanation: উত্তর: বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীনতম মুসলমান কবি শাহ মুহম্মদ সগীর। মধ্যযুগের বাংলা সাহিত্যে মুসলমান কবিদের সবচেয়ে উল্লেখযোগ্য অবদান রোমান্টিক প্রণয়োপাখ্যান। এ ধারার প্রথম কবি : শাহ মুহম্মদ সগীর। তিনি বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি। তিনি গৌড়েশ্বর সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে কাব্য রচনা করেন। এ ধারার শ্রেষ্ঠ কবি ও মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলমান কবি : সৈয়দ আলাওল।

13.ভারতচন্দ্র রায় কত সালে মৃত্যুবরণ করেন?

a. 1760

b. 1790

c. 1750

d. 1713

Show Answer Show Explanation

Explanation: ***১৭৬০*** **** অন্নদামঙ্গলঃ ভারতচন্দ্র রায়গুণাকরঃ অন্নদামঙ্গলের শ্রেষ্ঠ কবি। জন্ম ১৭১২ খ্রিষ্টাব্দে এবং মৃত্যু ১৭৬০ খ্রিষ্টাব্দে। তিনি মধ্যযুগের তথা বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি। ভারতচন্দ্র নবদ্বীপ বা নদীয়ার মহারাজ কৃষ্ণচন্দ্রের সভাকবি ছিলেন। কৃষ্ণচন্দ্র কবিকে 'গুণাকর' উপাধি প্রদান করে।

14.‘সতী ময়না-লোর চন্দ্রানী’র রচয়িতা-

a. শাহ মুহম্মদ সগীর

b. দৌলত উজির বাহরাম খান

c. আলাওল

d. দৌলত কাজী

Show Answer Show Explanation

Explanation: ***দৌলত কাজী*** *** আরাকান/ রোসাঙ্গ রাজসভাঃ দৌলত কাজী ছিলেন আরাকান রাজসভার প্রথম কবি এবং প্রথম বাঙালি কবি। তিনি লৌকিক কাহিনির প্রথম রচয়িতা। আরাকান

রাজসভার শ্রেষ্ঠ কবি ছিলেন আলাওল। 'সতীময়না ও লোরচন্দ্রানী' কাব্যের প্রথম ২ খণ্ড দৌলত কাজী এবং তৃতীয় খণ্ড আলাওল রচনা করেছেন।

15.'নসীরানামা' কাব্য কার রচনা?

a. দৌলত কাজী

b. কোরেশী মাগন ঠাকুর

c. আলাওল

d. কবি মরদন

Show Answer Show Explanation

Explanation: উত্তর: কবি মরদন। কোরেশী মাগন ঠাকুর রচিত গ্রন্থঃ চন্দ্রাবতী। আলাওল রচিত গ্রন্থঃ সপ্তপয়কর, সয়ফুলমুলুক বদিউজ্জামাল, সিকান্দারনামা, পদ্মাবতী, তোহফা, সতীময়না-লোর-চন্দ্রানী। দৌলত কাজী রচিত গ্রন্থঃ সতীময়না ও লোরচন্দ্রানী।

16.বাংলা সাহিত্যের প্রথম জীবনীকাব্য কাকে অবলম্বন করে লেখা হয়?

a. চন্দ্রাবতীকে

b. শ্রী চৈতন্যদেবকে

c. লুইপাকে

d. শ্রীকৃষ্ণকে

Show Answer Show Explanation

Explanation: উত্তর: শ্রী চৈতন্যদেবকে। * শ্রী চৈতন্যদেবঃ চৈতন্যদেব ষোড়শ শতাব্দীর বিশিষ্ট বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক। তিনি বৈষ্ণব ধর্ম প্রচারক।ষোড়শ শতাব্দীতে তাঁর জীবনী রচনার মাধ্যমে বাংলা সাহিত্যে 'জীবনী সাহিত্য' নামে এক নতুন ধারার সূচনা হয়। চৈতন্যদেবের জীবনীগ্রন্থকে 'কড়চা' বলা হয়। কড়চা শব্দের অর্থ ডায়েরি বা দিনলিপি। চৈতন্যদেবের প্রথম জীবনী গ্রন্থ 'শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতম'। রচয়িতা চৈতন্যদেবের সতীর্থ মুরারি গুপ্ত। সংস্কৃত ভাষায় লেখা। এটি 'মুরারী গুপ্তের কড়চা' নামেও পরিচিত।

17.'পদ্মাবতী' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

a. মাগন ঠাকুর

b. শাহ মুহম্মদ সগীর

c. দৌলত কাজী

d. আলাওল

Show Answer Show Explanation

Explanation: ***আলাওল*** *** আলাওল (১৬০৭-১৬৮০): তিনি ফরিদপুরের ফতেয়াবাদ পরগনার আলালপুর গ্রামে জন্মগ্রহণ করেন। কবি আলাওলের রচনাসমূহঃ সপ্তপয়কর, সয়ফুলমুলুক বদিউজ্জামাল, সিকান্দারনামা, পদ্মাবতী, তোহফা, সতীময়না-লোর-চন্দ্রানী।

18.গঠনরীতিতে শ্রীকৃষ্ণকীর্তন কাব্য মূলত-

a. ধামালি

b. নাটগীতি

c. পদাবলি

d. প্রেমগীতি

Show Answer Show Explanation

Explanation: ***নাটগীতি*** শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের রচয়িতা অনন্ত বড়ু চণ্ডীদাস। ১৯০৯ খ্রিষ্টাব্দে (১৩১৬ বঙ্গাব্দ) বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ একটি গোয়ালঘরের মাচা থেকে বা ঘরের চালার নিচ থেকে এ কাব্য আবিষ্কার করেন। ১৯১৬ খ্রিষ্টাব্দে (১৩২৩ বঙ্গাব্দ) বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় কলকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য প্রকাশিত হয়।কাব্যের ভিতরে একটি চিরকুটে 'শ্রীকৃষ্ণ সন্দর্ব্ব' (অর্থাৎ 'শ্রীকৃষ্ণ সন্দর্ভ') নাম পাওয়া গেছে। কাব্যে সক্রিয় চরিত্র তিনটি রাধা, কৃষ্ণ এবং বড়ায়ি (বড়াই)। সর্বজন স্বীকৃত ও খাঁটি বাংলা ভাষায় রচিত প্রথম কাব্যগ্রন্থ : 'শ্রীকৃষ্ণকীর্তন'। এটি ১৩টি খণ্ডে বিভক্ত।

19.‘নগর পুড়িলে দেবালয় কি এড়ায়’ কার উক্তি?

a. কানাহরি দত্ত

b. ভারতচন্দ্র

c. মানিক দত্ত

d. দাশু রায়

Show Answer Show Explanation

Explanation: ***ভারতচন্দ্র*** ভারতচন্দ্র রায়গুণাকরঃ অন্নদামঙ্গলের শ্রেষ্ঠ কবি। জন্ম ১৭১২ খ্রিষ্টাব্দে এবং মৃত্যু ১৭৬০ খ্রিষ্টাব্দে। তিনি মধ্যযুগের তথা বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি। ভারতচন্দ্র নবদ্বীপ বা নদীয়ার মহারাজ কৃষ্ণচন্দ্রের সভাকবি ছিলেন। কৃষ্ণচন্দ্র কবিকে 'গুণাকর' উপাধি প্রদান করে। ভারতচন্দ্রের রচিত গুরুত্বপূর্ণ উক্তিঃ ১। মন্ত্রের সাধন কিংবা শরীর পতন। ২। নগর পুড়িলে দেবালয় কি এড়ায়। ৩। বড়র পিরীত বালির বাধ। ৪। জন্মভুমি জননী স্বর্গের গরিয়সী। ৫। হাভাতে যদ্যপি চায়, সাগর শুকায়ে যায়। ৬। যতন নহিলে নাহি মিলায়ে রতন।

20.কবি আলাওল কোন রাজ দরবারের কবি ছিলেন?

a. ত্রিপুরা

b. দিল্লি

c. রোসাঙ্গ

d. মুর্শিদাবাদ

Show Answer Show Explanation

Explanation: ***রোসাঙ্গ*** *** আরাকান/ রোসাঙ্গ রাজসভাঃ দৌলত কাজী ছিলেন আরাকান রাজসভার প্রথম কবি এবং প্রথম বাঙালি কবি। তিনি লৌকিক কাহিনির প্রথম রচয়িতা। আরাকান রাজসভার শ্রেষ্ঠ কবি ছিলেন আলাওল। 'সতীময়না ও লোরচন্দ্রানী' কাব্যের প্রথম ২ খণ্ড দৌলত কাজী এবং তৃতীয় খণ্ড আলাওল রচনা করেছেন।

21.মনসামঙ্গলের কাব্যের শ্রেষ্ঠ কবি?

a. মাণিকদত্ত

b. কানাহরি দত্ত

c. বিজয়গুপ্ত

d. ভারতচন্দ্র

Show Answer Show Explanation

Explanation: মনসামঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি বিজয়গুপ্ত

22.মধ্যযুগের মহিলা কবি চন্দ্রাবতী নিম্নের কোনটি রচনা করেন?

a. মহাভারত

b. রামায়ণ

c. গীতা

d. ভাগবত

Show Answer Show Explanation

Explanation: উত্তর: রামায়ণ। *** চন্দ্রাবতীঃ তিনি রামায়ণের প্রথম মহিলা অনুবাদক কবি এবং বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি। তাঁর বাবা মনসামঙ্গল কাব্যের কবি দ্বিজ বংশীদাস। বাড়ি কিশোরগঞ্জ জেলায়। তিনি ময়মনসিংহ গীতিকায় 'মলুয়া' ও 'দস্যু কেনারামের পালা' গীতিকা দুইটি রচনা করেন।

23.'আঁধার যুগে'র রচনা বলা হয় কোনটিকে?

a. চর্যাপদ

b. মনসামঙ্গল

c. শ্রীকৃষ্ণকীর্তন

d. প্রাকৃতপৈঙ্গল

Show Answer Show Explanation

Explanation: উত্তর: প্রাকৃতপৈঙ্গল। *** অন্ধকার যুগের সাহিত্যক নিদর্শনঃ i) প্রাকৃত পৈঙ্গলঃ শ্রীহর্ষ কর্তৃক রচিত প্রাকৃত ভাষায় রচিত গ্রীতিকবিতার গ্রন্থ। এটি অন্ধকার যুগের প্রথম নিদর্শন। ii) শূন্যপুরাণ এবং এর কেলিমা জালাল বা নিরঞ্জনের রুম্মা: রচয়িতা রামাই পণ্ডিত। এতে ৫১টি অধ্যায় আছে। গ্রন্থে হিন্দু ও বৌদ্ধ ধর্মের মিশ্রণ ঘটেছে। এটি সংস্কৃত ভাষায় রচিত ধর্ম পূজার গ্রন্থ। ii) সেক শুভোদয়া : রচয়িতা হলায়ুধ মিশ্র। তিনি রাজা লক্ষণ সেনের সভাকবি ছিলেন। প্রচুর ভুল সংস্কৃত থাকায় ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় এ গ্রন্থকে 'Dog Sanskrit বলেছেন।

24.কোন সংস্কৃত ভাষায় রচিত কাব্য সংকলনে বাঙালি কবিদের শ্লোক অন্তর্ভুক্ত হয়েছে?

a. গীতগোবিন্দ

b. প্রাকৃতপৈঙ্গল

c. কবীন্দ্রবচন

d. সদুক্তিকর্ণামৃত

Show Answer Show Explanation

Explanation: উত্তর: কবীন্দ্রবচন।

25.কাকে বিদ্যাপতির ভাবশিষ্য বলা হয়?

a. চণ্ডীদাস

b. জ্ঞানদাস

c. গোবিন্দদাস

d. কৃষ্ণদাস

Show Answer Show Explanation

Explanation: উত্তর: গোবিন্দদাস। *** গোবিন্দদাস ছিলেন বৈষ্ণব সাহিত্যের কবি। বৈষ্ণব সাহিত্যের চতুষ্টয় হিসেবে পরিচিতঃ বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস। বিদ্যাপতি- বৈষ্ণব পদাবলির আদি কবি এবং প্রথম অবাঙালি কবি। বিদ্যাপতিকে বলা হয় অভিনব জয়দেব। চণ্ডীদাস- বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি কবি এবং পদাবলির শ্রেষ্ঠ কবি চণ্ডীদাস। গোবিন্দদাস- বৈষ্ণব পদাবলির স্বভাব কবি।

26.'তোতা ইতিহাস' গ্রন্থের রচয়িতা কে?

a. ক) উইলিয়াম কেরী

b. খ) চণ্ডীচরণ মুনশী

c. গ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার

d. ঘ) কালীপ্রসন্ন সিংহ

Show Answer Show Explanation

Explanation: চণ্ডীচরণ মুনশী অষ্টাদশ শতাব্দীতে আবির্ভূত ব্রিটিশ ভারতের একজন বাঙ্গালী লেখক এবং ফোর্ট উইলিয়াম কলেজে বাঙালা ভাষার অন্যতম অধ্যাপক হিসাবে দায়িত্ব পালন করেছেন। - তাঁর রচিত গ্রন্থ 'তোতা ইতিহাস' একটি উপাখ্যান যা বাঙালা গদ্য সাহিত্যের অন্যতম আদি নিদর্শন। - এটি প্রকাশিত হয় ১৮০৫ খ্রিষ্টাব্দে। - এটি ফরাসি সাহিত্য থেকে অনুবাদকৃত।

27.চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি?

a. মাণিকদত্ত

b. বিজয়গুপ্ত

c. মুকুন্দরাম চক্রবর্তী

d. ভারতচন্দ্র

Show Answer Show Explanation

Explanation: চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি মুকুন্দরাম চক্রবর্তী

28.আধুনিকতার লক্ষণ কী?

a. ইংরেজি শিক্ষা

b. দেশ বিদেশে ঘুরে বেড়ানো

c. সহশিক্ষা

d. স্বদেশপ্রেম ও মানবতাবোধ

Show Answer Show Explanation

Explanation: ***স্বদেশপ্রেম ও মানবতাবোধ*** *** বাংলা সাহিত্যের প্রাচীন বা আদি যুগ (৬৫০-১২০০খ্রি:): এই যুগের বৈশিষ্ট্য: ১। ব্যক্তি ও সমাজ জীবন প্রধান। ২। ধর্ম গৌণ। *** মধ্যযুগ (১২০১-১৮০০ খ্রি:) এর বৈশিষ্ট্য: ১। ধর্ম মুখ্য। ২।মানুষ হয়ে পড়ে গৌণ। *** আধুনিক যুগ(১৮০১-বর্তমান) এর বৈশিষ্ট্য: ১। মানবিক আবেদন মুখ্য। ২। স্বদেশ প্রেম, মানবতাবোধ ও ব্যক্তি স্বাধীনতা।

29.বাংলা সাহিত্যে মুসলিম রচিত প্রথম উপন্যাস কোনটি?

a. ক) রত্নবতী

b. খ) বীরবলের হালখাতা

c. গ) বনফুলের গল্প

d. ঘ) আনোয়ারা

Show Answer Show Explanation

Explanation: উত্তর: রত্নবতী। বাংলা সাহিত্যে মুসলিম রচিত প্রথম উপন্যাস 'রত্নবতী'। মীর মশাররফ হোসেন রচিত প্রথম গ্রন্থ 'রত্নবতী' (১৮৬৯)। - এটি মুসলমান সাহিত্যিক রচিত প্রথম বাংলা উপন্যাস। - বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫) প্রকাশের চার বছর পর 'রত্নবতী' উপন্যাস প্রকাশিত হয়। - লেখকের নাম পৃষ্ঠায় 'কৌতুকাবহ উপন্যাস' বলে উল্লেখ করেছেন। - প্রকৃতপক্ষে এটি রূপকথা জাতীয় শিক্ষামূলক একটি দীর্ঘ গল্প।

30.'ওঙ্কার' উপন্যাসের রচয়িতা-

a. আহমদ ছফা

b. আহমদ শরীফ

c. সেলিনা হোসেন

d. হুমায়ুন আজাদ

Show Answer Show Explanation

Explanation: উত্তর: 'ওঙ্কার' উপন্যাসের রচয়িতা 'আহমদ ছফা'।

31.ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়- গানটির রচয়িতা ও সুরকার হলেন-

a. আবদুল লতিফ

b. গোবিন্দ হালদার

c. আলতাফ মাহমুদ

d. গৌরী প্রসন্ন মজুমদার

Show Answer Show Explanation

Explanation: উত্তর: আবদুল লতিফ।

32.শিখা পত্রিকা প্রকাশিত হয় কত সালে?

a. 1923

b. 1925

c. 1926

d. 1927

Show Answer Show Explanation

Explanation: ***১৯২৭*** ১৯২৬ সালে ঢাকায় প্রতিষ্ঠিত 'সাহিত্য-সমাজ' - পরে সংগঠনটির নামকরণ করা হয় 'মুসলিম সাহিত্য-সমাজ' - এ প্রতিষ্ঠানের স্লোগান ছিল: 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব' . - জ্ঞানের শিখা জ্বলাবার জন্য সংগঠনটি ১৯২৭ সালে 'শিখা' নামে একটি বার্ষিক মুখপত্র প্রকাশ করে। - ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি ও বাণিজ্য বিভাগের অধ্যাপক আবুল হুসেন ছিলেন শিখা পত্রিকার প্রথম সংখ্যার সম্পাদক। - শিখা বছরে একবার প্রকাশিত হত। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

33.কবি জসীমউদ্‌দীনের আত্মজীবনীমূলক গ্রন্থ কোনটি?

a. ক) যাদের দেখেছি

b. খ) জীবন কথা

c. গ) জীবন চরিত

d. ঘ) আত্মকথা

Show Answer Show Explanation

Explanation: ***খ) জীবন কথা*** - জীবন কথা (১৯৬৪) কবি জসীমউদ্‌দীন রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। - যাদের দেখেছি - জসীমউদ্দীনের স্মৃতিচারণমূলক গ্রন্থ। - জীবন চরিত (১৮৯১) ঈশ্বরচন্দ্র রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। এটি বিদ্যাসাগরের মৃত্যুর পর প্রকাশিত হয়। - আত্মকথা (১৯৭৮) মনসুর আহমেদ রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। - জীবনস্মৃতি (১৯১২) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা- ড. সৌমিত্র শেখর।

34.মুক্তিযুদ্ধে বিজয় লাভের পূর্বেই কোন মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাসটি রচিত হয়েছিল?

a. ক) পায়ের আওয়াজ পাওয়া যায়

b. খ) জন্ম যদি তব বঙ্গে

c. গ) রাইফেল রোটি আওরাত

d. ঘ) আমি বীরাঙ্গনা বলছি

Show Answer Show Explanation

Explanation: ***গ) রাইফেল রোটি আওরাত*** আনোয়ার পাশা রচিত ‘রাইফেল রোটি আওরাত’ একটি মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস। - মুক্তিযুদ্ধ নিয়ে লেখা প্রথম কয়েকটি উপন্যাসের মধ্যে এটি অন্যতম। - উপন্যাসটি প্রকাশিত হয় ১৯৭৩ সালে। - লেখক মুক্তিযুদ্ধের ভয়াবহতার মাঝে অবস্থান করে এ উপন্যাসে লিখেছেন যুদ্ধকথা। - ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর তাকে হত্যা করে পাকিস্তানিরা। - শহীদ বুদ্ধিজীবীদের তালিকায় তাঁর নাম স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ আছে। - শহীদ হবার আগেই তিনি এ উপন্যাসটি লিখে যান। - সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়' রচিত হয় ১লা মে থেকে ১৩ জুন ১৯৭৫ খ্রিষ্টাব্দে। - 'আমি বীরাঙ্গনা বলছি' নীলিমা ইব্রাহিম রচিত মুক্তিযুদ্ধভিত্তিক প্রবন্ধ। 'জন্ম যদি তব বঙ্গে' শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক গল্প। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

35.একক চরিত্র বিশিষ্ট নাটক কোনটি ?

a. ক) ওরা কদম আলী

b. খ) নেমেসিস

c. গ) রক্তকরবী

d. ঘ) চিত্রাঙ্গদা

Show Answer Show Explanation

Explanation: ***খ) নেমেসিস*** নুরুল মোমেন রচিত শ্রেষ্ঠ নাটক 'নেমেসিস'। - ১৯৩৯-'৪৩ সালের দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপটে নুরুল মোমেন ১৯44 সালে নাটকটি লিখেন। - 'শনিবারের চিঠি' পত্রিকায় তা প্রকাশিত হয়। - নাটকটি গ্রন্থাকারে প্রকাশিত হয় ১৯৪৮ সালে। - নাটকটি স্কুল মাস্টার সুরজিত নন্দী নামের একক চরিত্র বিশিষ্ট। - অদৃশ্য চরিত্র হিসেবে আছে নৃপেন বোস, তাঁর সুলতা, ম্যানাজার অসীম, অমল বাবু, ইয়াকুব প্রমুখ। - এ নাটকে সমকালীন দুর্ভিক্ষ, মজুতদারদের পিশাচবৃত্তি ও নিরন্নদের হাহাকারের বাস্তবচিত্র অঙ্কিত হয়েছে। তাঁর অন্যান্য বিখ্যাত নাটক - যদি এমন হতো (১৯৬০), - নয়া খান্দান (১৯৬২), - আলোছায়া (১৯৬২), - আইনের অন্তরালে (১৯৬৬), - শতকরা আশি (১৯৬৭), - রূপলেখা (১৯৬৯) ও - যেমন ইচ্ছা তেমন (১৯৭০)। উল্লেখ্য, - নাট্যকার মামুনুর রশীদ রচিত 'ওরা কদম আলী' নাটকে এক বোবা চরিত্রের মাধ্যমে গরিব ও মেহনতি মানুষের ব্যক্তিক প্রতিবাদ প্রকাশ পেয়েছে। - রবীন্দ্রনাথ ঠাকুরের 'চিত্রাঙ্গদা' নৃত্যনাট্যে নারীর মর্যাদা ও আত্মসম্মান প্রাধান্য পেয়েছে। - রবীন্দ্রনাথ ঠাকুরের 'সাংকেতিক নাটকে' ধনের উপর ধান্যের, শক্তির উপর প্রেমের এবং মৃত্যুর উপর জীবনের জয়গান গাওয়া হয়েছে। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

36.বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন শুরু হয় কোন গ্রন্থের মাধ্যমে?

a. ভ্রান্তিবিলাস

b. বেতাল পঞ্চবিংশতি

c. প্রভাবতী সম্ভাষণ

d. সীতার বনবাস

Show Answer Show Explanation

Explanation: ***বেতাল পঞ্চবিংশতি*** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮২০ সালের ২৬ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে জন্মগ্রহণ করেন। ঊনিশ শতকের বাঙালি শিক্ষাবিদ, সমাজসংস্কারক ও গদ্যকার। প্রকৃত নাম ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়। তবে স্বাক্ষর করতেন 'ঈশ্বরচন্দ্র শর্মা' নামে। রবীন্দ্রনাথ ঠাকুর তাকে ‘বাংলা গদ্যের জনক’ হিসেবে আখ্যায়িত করেন। অনুবাদ গ্রন্থ বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭)। বিদ্যাসাগরের প্রথম প্রকাশিত গ্রন্থ। এ গ্রন্থেই প্রথম যতিচিহ্ন ব্যবহার করা হয়। শকুন্তলা (১৮৫৪)। সীতার বনবাস (১৮৬০)। বাল্মীকির রামায়ণের উত্তরাকাণ্ড অবলম্বনে রচিত। ভ্রান্তিবিলাস (১৮৬৯) [শেক্সপিয়ারের Comdey of Errors এর অনুবাদ) জীবন চরিত।

37.'শনিবারের চিঠি' পত্রিকার প্রাণপুরুষ ছিলেন কে?

a. যোগানন্দ দাস

b. দীনেশরঞ্জন দাশ

c. সজনীকান্ত দাস

d. প্রেমেন্দ্র মিত্র

Show Answer Show Explanation

Explanation: ***সজনীকান্ত দাস***

38.'ফিরিয়া ফল কী? পৃথিবীতে কে কাহার?' কোন গল্পের উক্তি?

a. কাবুলীওয়ালা

b. হৈমন্তী

c. পোস্টমাস্টার

d. সমাপ্তি

Show Answer Show Explanation

Explanation: ***পোস্টমাস্টার***

39.বাংলা সাহিত্যের প্রথম পত্র সাহিত্য কোনটি?

a. বাঁধনহারা

b. কণুকসোজ

c. কথোপকথন

d. লিপিমালা

Show Answer Show Explanation

Explanation: 'লিপিমালা'' গ্রন্থটির রচয়িতা রামরাম বসু। এটি বাংলা সাহিত্যের প্রথম পত্র সাহিত্য।

40.'পথের দাবী' উপন্যাসের নায়িকা?

a. ভারতী

b. সাবিত্রী

c. দামিনী

d. বিনোদিনী

Show Answer Show Explanation

Explanation: ***ভারতী*** পথের দাবী বিংশ শতাব্দীর প্রথমভাগের অন্যতম বাঙ্গালী কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক বিরচিত একটি জনপ্রিয় উপন্যাস। এ উপন্যাসটি ১৯২৬ খ্রিষ্টাব্দের আগস্ট মাসে সর্বপ্রথম প্রকাশিত হয়েছিল। ভারতে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে এক অসাধারণ বিপ্লবী সব্যসাচী ও তার সাথীদের সংগ্রামের কাহিনী নিয়ে ব্রিটিশ শাসনামলে লিখিত একটি রাজনৈতিক ও সাহসী উপন্যাস। যেটি ব্রিটিশ শাসিত ভারতে নিষিদ্ধ হয়েছিল।

41.শরৎচন্দ্র চট্টোপাধ্যায় অনিলা দেবী ছদ্মনামে লিখেন কোনটি?

a. মন্দির

b. পল্লী সমাজ

c. নারীর মূল্য

d. বিজয়া

Show Answer Show Explanation

Explanation: ***নারীর মূল্য*** শরৎচন্দ্র চট্টোপাধ্যায় পশ্চিমবঙ্গের হুগলীর দেবানন্দপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলা সাহিত্যের অপরাজেয় কথাশিল্পী। শরৎচন্দ্রের সাতটি ছন্দনাম রয়েছে- অনিলা দেবী, অপরাজিতা দেবী, শ্রী চট্টোপাধ্যায়, অনুরূপা দেবী, পশুরাম ( রাজশেখর বসুরও ছদ্মনাম), শ্রীকান্ত শর্মা, সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস: বড় দিদি, পণ্ডিত মশাই, পল্লী সমাজ, দেববাস, চরিত্রহীন, শ্রীকান্ত (ইন্দ্রনাথ এ উপন্যাসের একটি চরিত্র), দত্তা, দেনা-পাওনা, পথের দাবী, শেষের পরিচয়(অসমাপ্ত)। ছোটগল্প: কাশীনাথ, মন্দির(প্রথম প্রকাশিত গল্প), মহেশ, বিলাসী, মেজদিদি, সতী। নাটক: ষোড়শী, রমা, বিজয়া। প্রবন্ধগ্রন্থ: নারীর মূল্য (অনিলা দেবী ছদ্মনামে লিখেন), তরুণের বিদ্রোহ।

42.'তোষামোদ ও রাজনীতির ভাষা' কোন ধরনের গ্রন্থ?

a. ব্যকরণ-বিষয়ক

b. কাব্য

c. রম্যরচনা

d. নাটক

Show Answer Show Explanation

Explanation: তোষামোদ ও রাজনীতির ভাষা - মুহাম্মদ আবদুল হাই রচিত গ্রন্থ। তোষামোদ ও রাজনীতির ভাষা (১৯৫৯) গ্রন্থটিতে সংকলিত হয়েছে তাঁর রম্যরচনা ও ভাষাবিষয়ক কিছু প্রবন্ধ।

43.'অলৌকিক ইস্টিমার' হুমায়ুন আজাদের কী ধরনের রচনা?

a. ক) উপন্যাস

b. খ) প্রবন্ধগ্রন্থ

c. গ) কাব্যগ্রন্থ

d. ঘ) ছোটগল্প

Show Answer Show Explanation

Explanation: ***গ) কাব্যগ্রন্থ*** • হুমায়ুন আজাদের কাব্যগ্রন্থ: - অলৌকিক ইস্টিমার (প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ), - জ্বলো চিতাবাঘ, - কাফনে মোড়া অশ্রুবিন্দু, - পেরোনোর কিছু নেই, - যতোই গভীরে যাই মধু যতোই উপরে যাই নীল, - সবকিছু নষ্টদের অধিকারে যাবে ইত্যাদি কাব্যগ্রন্থ। • তাঁর রচিত উপন্যাস: - ছাপ্পান্ন হাজার বর্গমাইল (প্রথম উপন্যাস), - আব্বুকে মনে পড়ে (মুক্তিযুদ্ধভিত্তিক কিশোর উপন্যাস), - লাল নীল দীপাবলি, - ফুলের গন্ধে ঘুম আসে না, - কতো নদী সরোবর, - বুকপকেটে জোনাকি পোকা, - আওয়ার বিউটিফুল বাংলাদেশ ইত্যাদি তাঁর রচিত কিশোর সাহিত্য।

44.'জাহাঙ্গীর' চরিত্রটি কোন গ্রন্থের?

a. ক) ব্যথার দান

b. খ) কুহেলিকা

c. গ) বাঁধন-হারা

d. ঘ) মৃত্যুক্ষুধা

Show Answer Show Explanation

Explanation: ***খ) কুহেলিকা*** - কাজী নজরুল ইসলাম রচিত প্রথম উপন্যাস বাঁধন-হারা। - তাঁর রচিত আরও দুটি উপন্যাস হচ্ছে মৃত্যুক্ষুধা ও কুহেলিকা। - কুহেলিকা উপন্যাসের নায়ক জাহাঙ্গীর। - এই উপন্যাসের বিখ্যাত উক্তি, ''ইহারা মায়াবিনীর জাত। ইহারা সকল কল্যানের পথে মায়াজাল পাতিয়া রাখিয়াছে। ইহারা গহন পথের কন্টক, রাজপথের দস্যু।''

45.'জন্মই আমার আজন্ম পাপ' গ্রন্থটি কার লেখা?

a. ক) হুমায়ুন কবির

b. খ) জাহানারা ইমাম

c. গ) দাউদ হায়দার

d. ঘ) হুমায়ুন আজাদ

Show Answer Show Explanation

Explanation: ***গ) দাউদ হায়দার*** • দাউদ হায়দার একজন বাংলাদেশী বাঙালী কবি, লেখক ও সাংবাদিক। • তাঁর বিখ্যাত একটি কাব্যের নাম 'জন্মই আমার আজন্ম পাপ'। • এছাড়াও তাঁর প্রকাশিত অন্যান্য গ্রন্থ: - আমি ভাল আছি তুমি, - এই শাওনে এই পরবাসে, - বানিশম্যান্ট, - পাথরের পুঁথি, - আমি পুড়েছি জ্বালা ও আগুনে, - অবসিডিয়ান। উৎস: বাংলাপিডিয়া ও বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

46.'চিন্তা তরঙ্গিনী' কাব্যের রচয়িতা-

a. ক) কুসুমকুমারী দাশ

b. খ) হুমায়ুন আহমেদ

c. গ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

d. ঘ) হুমায়ুন কবির

Show Answer Show Explanation

Explanation: ***গ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়*** • হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ছিলেন মহাকবি। • তাঁর রচিত কাব্য: - চিন্তা তরঙ্গিনী, - ছায়াময়ী, - আশাকানন, - বীরবাহু, - চিত্তবিকাশ, - দশমহাবিদ্যা ইত্যাদি। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

47.'ছাপ্পান্ন হাজার বর্গমাইল' উপন্যাসের রচয়িতা-

a. ক) হাসান হাফিজুর রহমান

b. খ) জহির রায়হান

c. গ) হাসান আজিজুল হক

d. ঘ) হুমায়ুন আজাদ

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) হুমায়ুন আজাদ*** • হুমায়ুন আজাদের কাব্যগ্রন্থ: - অলৌকিক ইস্টিমার (প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ), - জ্বলো চিতাবাঘ, - কাফনে মোড়া অশ্রুবিন্দু, - পেরোনোর কিছু নেই, - যতোই গভীরে যাই মধু যতোই উপরে যাই নীল, - সবকিছু নষ্টদের অধিকারে যাবে ইত্যাদি কাব্যগ্রন্থ। • তাঁর রচিত উপন্যাস: - ছাপ্পান্ন হাজার বর্গমাইল (প্রথম উপন্যাস), - আব্বুকে মনে পড়ে (মুক্তিযুদ্ধভিত্তিক কিশোর উপন্যাস), - লাল নীল দীপাবলি, - ফুলের গন্ধে ঘুম আসে না, - কতো নদী সরোবর, - বুকপকেটে জোনাকি পোকা, - আওয়ার বিউটিফুল বাংলাদেশ ইত্যাদি তাঁর রচিত কিশোর সাহিত্য। উৎস: বাংলাপিডিয়া

48.রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম কত বঙ্গাব্দে?

a. ক) ১২৪৮

b. খ) ১২৫৬

c. গ) ১২৬৫

d. ঘ) ১২৬৮

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) ১২৬৮*** রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) ছিলেন মূলত কবি, সঙ্গীতজ্ঞ, কথাসাহিত্যিক, নাট্যকার, চিত্রশিল্পী, প্রাবন্ধিক, দার্শনিক, শিক্ষাবিদ ও সমাজ-সংস্কারক । - রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম ১৮৬১ সালের ৭ মে (১২৬৮ বঙ্গাব্দের ২৫ বৈশাখ) কলকাতার জোড়াসাঁকোর অভিজাত ঠাকুর পরিবারে। তাঁর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং পিতামহ প্রিন্স দ্বারকানাথ ঠাকুর। - মূলত কবি হিসেবেই তাঁর প্রতিভা বিশ্বময় স্বীকৃত। - রবীন্দ্রনাথের ৫২টি কাব্যগ্রন্থ,৩৮টি নাটক, ১৩টি উপন্যাস ও ৩৬টি প্রবন্ধ ও অন্যান্য গদ্যসংকলন তার জীবদ্দশায় বা মৃত্যুর অব্যবহিত পরে প্রকাশিত হয়। তার সর্বমোট ৯৫টি ছোটগল্পও ১৯১৫টি গান যথাক্রমে গল্পগুচ্ছ ও গীতবিতান সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। - রবীন্দ্রনাথের যাবতীয় প্রকাশিত ও গ্রন্থাকারে অপ্রকাশিত রচনা ৩২ খণ্ডে রবীন্দ্র রচনাবলী নামে প্রকাশিত হয়েছে। - রবীন্দ্রনাথের যাবতীয় পত্রসাহিত্য উনিশ খণ্ডে চিঠিপত্র ও চারটি পৃথক গ্রন্থে প্রকাশিত। এছাড়া তিনি প্রায় দুই হাজার ছবি এঁকেছিলেন। - ১৯১৩ সালে গীতাঞ্জলি কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের জন্য তিনি এশীয়দের মধ্যে সাহিত্যে প্রথম নোবেল পুরস্কার লাভ করেন। - আট বছর বয়সে তিনি কবিতা লেখা শুরু করেন। > প্রথম প্রকাশিত কবিতা: 'হিন্দুমেলার উপহার' (১৮৭৪) > প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ: 'কবি-কাহিনি' (১৮৭৮) > প্রথম নাটক: 'বাল্মীকি প্রতিভা' (১৮৮১) > প্রথম প্রকাশিত উপন্যাস: 'বৌঠাকুরানীর হাট' (১৮৮৩) > প্রথম প্রকাশিত ছোটগল্প: 'ভিখারিনী' (১৮৭৪) > প্রথম প্রবন্ধ: 'বিবিধ প্রসঙ্গ' (১৮৮৩) > শেষ উপন্যাস: 'চার অধ্যায়' > সর্বশেষ প্রবন্ধ: 'সভ্যতার সংকট' (১৯৪১) - ১৯৪১ সালের ৭ আগস্ট (২২ শ্রাবণ ১৩৪৮) জোড়াসাঁকোর বাড়িতে রবীন্দ্রনাথ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। উৎস: লাল নীল দীপাবলি, হুমায়ুন আজাদ; বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; বাংলাপিডিয়া।

49.রৈবতক, কুরুক্ষেত্র, প্রভাস কাব্যত্রয়ের নায়ক কে?

a. ক) শ্রীকৃষ্ণ

b. খ) রাম

c. গ) অর্জুন

d. ঘ) শিব

Show Answer Show Explanation

Explanation: ***ক) শ্রীকৃষ্ণ*** নবীনচন্দ্র সেন রচিত ত্রয়ী কাব্য- - রৈবতক (১৮৮৭), - কুরুক্ষেত্র (১৮৯৩), এবং - প্রভাস (১৮৯৬) - এই তিনটি কাব্যের কাহিনি একই সুতোয় বাঁধা। - এই তিনটি কাব্যের নায়কই শ্রীকৃষ্ণ। - রৈবতক- এ কৃষ্ণের আদি - কুরুক্ষেত্র- এ তাঁর মধ্য - প্রভাস- কৃষ্ণের অন্তর্লীলা বর্ণিত হয়েছে। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

50.'নন্দিনী' চরিত্রের দেখা পাওয়া যায় রবীন্দ্রনাথের কোন রচনায় ?

a. ক) বিসর্জন

b. খ) গোরা

c. গ) ডাকঘর

d. ঘ) রক্তকরবী

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) রক্তকরবী*** 'রক্তকরবী' (১৯২৬) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি সাংকেতিক নাটক। - ১৩৩০ বঙ্গাব্দের আশ্বিন সংখ্যায় 'প্রবাসী' তে এটি প্রকাশিত হয়। - চরিত্র: নন্দিনী, রঞ্জন ইত্যাদি। - 'রক্তকরবী'-তে ধনের উপর ধ্যানের, শক্তির উপর প্রেমের এবং মৃত্যুর উপর জীবনের জয়গান গাওয়া হয়েছে। অন্যান্য উল্লেখযোগ্য নাটক- - বাল্মীকিপ্রতিভা - কালমৃগয়া - রাজা ও রাণী - গোড়ায় গলদ - বৈকুণ্ঠের খাতা - বিসর্জন - চিরকুমার সভা - শারদোৎসব - রাজা - ডাকঘর - অচলায়তন - ফাল্গুনী - মুক্তধারা - রক্তকরবী - তাসের দেশ - কালের যাত্রা উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; বাংলাপিডিয়া।

51.টি.এস এলিয়টের কবিতার প্রভাব রয়েছে কোন কবির রচনায়?

a. ক) বিষ্ণু দে

b. খ) বিহারীলাল চক্রবর্তী

c. গ) বুদ্ধদেব বসু

d. ঘ) মাইকেল মধুসূদন দত্ত

Show Answer Show Explanation

Explanation: ***ক) বিষ্ণু দে*** বিষ্ণু দে ত্রিশোত্তর বাংলা কবিতার নব্যধারার আন্দোলনের প্রধান পাঁচজন কবির অন্যতম ছিলেন। - তিনি মার্কসবাদী চেতনায় উদ্বুদ্ধ ছিলেন। - কাব্যভাবনা ও প্রকাশরীতিতে বুদ্ধিবৃত্তি ও মননশীলতাকে অঙ্গীকার করেই তিনি কবিতা লেখেন। - তাঁর কবিতায় টি.এস এলিয়টের কবিতার প্রভাব রয়েছে। - দেশের অতীত ও বর্তমানের নানা বিষয় এবং বিদেশের বিশেষত ইউরোপের শিল্প-সাহিত্যের বিচিত্র প্রসঙ্গ তাঁর কাব্যের শরীর ও চিত্রকল্প নির্মাণ করেছে। - এসব কারণে তাঁর কাব্য দুর্বোধ্যতার অভিযোগ থেকে মুক্ত নয়। তাঁর উল্লেখযোগ্য কয়েকটি গ্রন্থ: - উর্বশী ও আর্টেমিস (১৯৩৩), - চোরাবালি (১৯৩৭), - সাত ভাই চম্পা (১৯৪৪), - রুচি ও প্রগতি (১৯৪৬), - সাহিত্যের

ভবিষ্যৎ (১৯৫২), - নাম রেখেছি কোমল গান্ধার (১৯৫৩), - তুমি শুধু পঁচিশে বৈশাখ (১৯৫৮), - স্মৃতি সত্তা ভবিষ্যত (১৯৬৩), - রবীন্দ্রনাথ ও শিল্পসাহিত্যে আধুনিকতার সমস্যা (১৯৬৬), - মাইকেল রবীন্দ্রনাথ ও অন্যান্য জিজ্ঞাসা (১৯৬৭), - In the Sun and the Rain (১৯৭২), - উত্তরে থাকো মৌন (১৯৭৭), - সেকাল থেকে একাল (১৯৮০), - আমার হৃদয়ে বাঁচো (১৯৮১) ইত্যাদি। উৎস: বাংলাপিডিয়া।

52.লাহিনীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেছেন কে?

a. ক) জসীমউদ্দিন

b. খ) মাইকেল মধুসূদন দত্ত

c. গ) মুনীর চৌধুরী

d. ঘ) মীর মশাররফ হোসেন

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) মীর মশাররফ হোসেন*** ঔপন্যাসিক, নাট্যকার, প্রাবন্ধিক মীর মশাররফ হোসেন (১৮৪৭-১৯১২) কুষ্টিয়া জেলার লাহিনীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন । - মশাররফ হোসেন ছাত্রাবস্থায় সংবাদ প্রভাকর (১৮৩১) ও কুমারখালির গ্রামবার্তা প্রকাশিকা-র (১৮৬৩) মফঃস্বল সংবাদদাতার দায়িত্ব পালনরত অবস্থায় তাঁর সাহিত্যজীবনের শুরু। - গ্রামবার্তার সম্পাদক কাঙাল হরিনাথ ছিলেন তাঁর সাহিত্যগুরু। - মীর মোশাররফ ছিলেন বঙ্কিমযুগের অন্যতম প্রধান গদ্যশিল্পী ও উনিশ শতকের বাঙালি মুসলমান সাহিত্যিকদের পথিকৃৎ। - বঙ্কিমচন্দ্রের দুর্গেশনন্দিনী (১৮৬৫) উপন্যাস প্রকাশিত হওয়ার চার বছর পর মশাররফের প্রথম উপন্যাস রত্নবতী (১৮৬৯) প্রকাশিত হয়। - এরপর তিনি একে একে কবিতা, উপন্যাস, নাটক, প্রবন্ধ, আত্মজীবনী, পাঠ্যপুস্তক ইত্যাদি বিষয়ে বহু গ্রন্থ রচনা করেন। - তাঁর অমর কীর্তি বিষাদ-সিন্ধু উপন্যাসে কারবালার বিষাদময় ঐতিহাসিক কাহিনী বিবৃত হয়েছে। তবে অনেক ঘটনা ও চরিত্র সৃষ্টিতে উপন্যাসসুলভ কল্পনার আশ্রয়ও নেওয়া হয়েছে। তাঁর জমিদার দর্পণ নাটকটি ১৮৭২-৭৩ সালে সিরাজগঞ্জে সংঘটিত কৃষক-বিদ্রোহের পটভূমিকায় রচিত। উৎস: উচ্চ মাধ্যমিক সাহিত্যপাঠ (২০২০-২১ সংস্করণ) এবং বাংলাপিডিয়া

53.চিরস্থায়ী বন্দোবস্তের সমালোচনা করা হয় কোন রচনায়?

a. ক) The Zamindar and Royats

b. খ) The Indigo Planting Mirror

c. গ) Tree Without Roots

d. ঘ) Cry River Cry

Show Answer Show Explanation

Explanation: ***ক) The Zamindar and Royats*** প্যারীচাঁদ মিত্র তাঁর The Zamindar and Royats নামক প্রবন্ধে চিরস্থায়ী বন্দোবস্তের সমালোচনা করেছেন। প্যারীচাঁদ মিত্র (১৮১৪-১৮৮৩) - টেকচাঁদ ঠাকুর প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম। - 'আলালের ঘরে দুলাল' প্যারীচাঁদ মিত্রের প্রথম গ্রন্থ। তাঁর অন্যান্য উল্লেখযোগ্য সাহিত্যকর্মের মধ্যে রয়েছে - মদ খাওয়া বড় দায় জাত থাকার কি উপায় (১৮৫৯), - রামারঞ্জিকা (১৮৬০), - কৃষিপাঠ (১৮৬১), - ডেভিড হেয়ারের জীবনচরিত (১৮৭৮) এবং - বামাতোষিণী (১৮৮১)। ইংরেজি গ্রন্থের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: - A Biographical Sketch of David Hare (১৮৭৭), - The Spiritual Stray Leaves (১৮৭৯), - Stray Thought of Spiritualism (১৮৭৯), - Life of Dewan Ramkamal Sen (১৮৮০) এবং - Life of Coles Worthy Grant (১৮৮১)। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

## 54.রবীন্দ্রনাথ ঠাকুরের কোন রচনাটি অপরগুলি থেকে ভিন্নধর্মী?

a. ক) দেনা পাওনা

b. খ) হৈমন্তী

c. গ) ছুটি

d. ঘ) অপরিচিতা

Show Answer Show Explanation

Explanation: ***গ) ছুটি*** রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্পে যৌতুক প্রসঙ্গসহ বিভিন্ন সামাজিক সমস্যার কথা উঠেছে। রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬টি যৌতুক বিষয়ের গল্প পাওয়া যায়- গল্পগুলো যথাক্রমে—'দেনা পাওনা', 'কঙ্কাল', 'স্বর্ণমৃগ', 'সুভা', 'প্রায়শ্চিত্ত', 'মানভঞ্জন', 'ঠাকুরদা', 'দুর্বুদ্ধি', 'যজ্ঞেশ্বরের যজ্ঞ', 'নষ্টনীড়', 'পণরক্ষা', 'হৈমন্তী', 'অপরিচিতা', 'স্ত্রীর পত্র', 'তপস্বিনী' ও 'পাত্রপাত্রী'। অপরদিকে 'ছুটি' ছোটগল্পে রবীন্দ্রনাথ ঠাকুর ফটিক চক্রবর্তী নামে এক কিশোরের করুণ পরিণতি বর্ণনা করেছেন। উৎস: ছুটি, রবীন্দ্রনাথ ঠাকুর এবং দৈনিক পত্রিকা।

## 55.বদরুদ্দীন উমর রচিত গ্রন্থ কোনটি?

a. ক) সংস্কৃতির চড়াই উৎরাই

b. খ) সংস্কৃতির কথা

c. গ) সভ্যতার সংকট

d. ঘ) সংস্কৃতির সংকট

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) সংস্কৃতির সংকট*** 'সংস্কৃতির সংকট' বদরুদ্দীন উমর রচিত প্রবন্ধগ্রন্থ। অধ্যাপক ও রাজনীতিবীদ বদরুদ্দীন উমর এর জন্ম ১৯৩১ সালের ২০শে ডিসেম্বর, পশ্চিমবঙ্গের বর্ধমানে। - তিনি 'সংস্কৃতি' নামে একটি সাময়িকী সম্পাদনা করেছেন। - তাঁর রচিত প্রবন্ধ গবেষণা: - সাম্প্রদায়িকতা (১৯৬৬) - সংস্কৃতির সংকট (১৯৬৭) - সাংস্কৃতিক সাম্প্রদায়িকতা (১৯৬৮) - পূর্ববাঙালার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি (১৯৭০) - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও উনিশ শতকের বাঙালী সমাজ (১৯৭৪) - যুদ্ধোত্তর বাঙলাদেশ (১৯৭৬) - যুদ্ধ পূর্ব বাঙলাদেশ (১৯৭৪) - ভাষা আন্দোলন ও অন্যান্য প্রসঙ্গ (১৯৮০) - বাঙলাদেশের মধ্যবিত্ত ও সাংস্কৃতিক পরিস্থিতি (১৯৮৯) - দক্ষিণ এশিয়ায় মার্কিন সাম্রাজ্যবাদ (২০০৬) ইত্যাদি। উল্লেখ, - 'সংস্কৃতি কথা' (১৯৫৮) মোতাহের হোসেন চৌধুরী রচিত প্রবন্ধ গ্রন্থ। - 'সভ্যতার সংকট' (১৯৪১) রবীন্দ্রনাথ ঠাকুরের সর্বশেষ গদ্যরচনা। - 'সংস্কৃতির চড়াই উৎরাই' (১৯৮৫) শওকত ওসমান রচিত প্রবন্ধগ্রন্থ। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

56.মুহম্মদ শহীদুল্লাহ্ এর 'পল্লিসাহিত্য' প্রকৃত অর্থে কী?

a. ক) গল্প

b. খ) স্মারকলিপি

c. গ) প্রবন্ধ

d. ঘ) অভিভাষণ

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) অভিভাষণ*** ১৯৩৮ খ্রিষ্টাব্দে কিশোরগঞ্জ জেলায় পূর্ব ময়মনসিংহ সাহিত্য সম্মিলনী’র একাদশ অধিবেশনে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ সভাপতিত্ব করেন। - এ সম্মেলনে সভাপতি হিসেবে তিনি যে অভিভাষণ দেন, তারই পুনর্লিখিত রূপ এই পল্লিসাহিত্য প্রবন্ধটি। - আলোচ্য প্রবন্ধে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ বাংলার পল্লিসাহিত্যের বিশেষ কয়েকটি দিক সম্পর্কে আলোচনা করেছেন। - লেখক এই প্রসঙ্গে বলেছেন যে, একদিন এক বিরাট পল্লিসাহিত্য বাংলাদেশে ছিল, আজ উপযুক্ত গবেষক এবং আগ্রহী সাহিত্যিকদের উদ্যোগ ও চেষ্টায় সেই সম্পদগুলো সংগ্রহ করা নিতান্ত প্রয়োজন। - বাংলাদেশের লোকসংস্কৃতির সংরক্ষণ এবং প্রসারের জন্য পল্লিসাহিত্যের বিচিত্র সম্পদ বিশেষ যত্নের সঙ্গে

আহরণ করা একান্ত আবশ্যক। - প্রবন্ধটি আবহমান কালের বাঙালি, বাংলাদেশ, লোকসাহিত্য ঃ ও সংস্কৃতির প্রতি সকলকে সচেতন হতে উৎসাহিত করে। উৎস: মাধ্যমিক বাংলা সাহিত্য (২০২০ সংস্করণ)

57.'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসের চরিত্র কোনটি?

a. ক) জয়গুণ

b. খ) জোহরা

c. গ) শশী

d. ঘ) টুনি

Show Answer Show Explanation

Explanation: ***ক) জয়গুণ*** 'সূর্য দীঘল বাড়ী' আবু ইসহাক রচিত একটি সামাজিক উপন্যাস - ১৯৫৫সালে উপন্যাসটি প্রকাশিত হয়। - বাংলাদেশের গ্রাম জীবনের বিশ্বস্ত দলিল এই গ্রন্থ। - বিশ্বযুদ্ধ, দুর্ভিক্ষ, সাম্প্রদায়িক দাঙ্গা, দেশবিভাগ প্রভৃতি পরপর চারটি বড় ঐতিহাসিক ঘটনার পটভূমিতে তিনি রচনা করেন 'সূর্য দীঘল বাড়ী' - জয়গুন এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র। - উপন্যাসের অন্যান্য চরিত্র: হাসু, মায়মুন, শাফি, ডা. রমেশ চক্রবর্তী, মোরল গদু ইত্যাদি। কথাসাহিত্যিক আবু ইসহাক রচিত অন্যান্য উপন্যাস: - পদ্মার পলিদ্বীপ - জাল গল্পগ্রন্থ: - হারেম - মহাপতঙ্গ উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

58.'পার্ক স্ট্রিটে এক রাত্রি' আবদুল মান্নান সৈয়দ রচিত-

a. ক) স্মৃতিকথা

b. খ) ছোটগল্প

c. গ) উপন্যাস

d. ঘ) কাব্যগ্রন্থ

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) কাব্যগ্রন্থ*** 'পার্ক স্ট্রিটে এক রাত্রি' আবদুল মান্নান সৈয়দ রচিত কাব্যগ্রন্থ। এটি প্রকাশিত হয় ১৯৮৩ সালে। কবি, প্রাবন্ধিক, গবেষক, সাহিত্য-সমালোচক আবদুল মান্নান সৈয়দ

(১৯৪৩-২০১০), ১৯৬০ সাল থেকে কবিতা লেখা শুরু করেন এবং পাঁচ দশক ধরে লেখা অব্যহত রাখেন। - তাঁর প্রথম গ্রন্থ জন্মান্ধ কবিতাগুচ্ছ প্রকাশিত হয় ১৯৬৭ সালে। তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ: - কবিতা জন্মান্ধ কবিতাগুচ্ছ - জ্যোৎস্না রৌদ্রের চিকিৎসা - ও সংবেদ ও জলতরঙ্গ - কবিতা কোম্পানি প্রাইভেট লিমিটেড, - পরাবাস্তব কবিতা, - মাছ সিরিজ, - সকল প্রশংসা তাঁর, - নীরবতা গভীরতা দুই বোন বলে কথা ইত্যাদি। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

59.'লোকায়ত সাহিত্য' প্রবন্ধটির রচয়িতা কে?

a. ক) আব্দুল মান্নান সৈয়দ

b. খ) শামসুর রাহমান

c. গ) আবদুল কাদির

d. ঘ) আবুল কালাম শামসুদ্দীন

Show Answer Show Explanation

Explanation: ***গ) আবদুল কাদির*** 'লোকায়ত সাহিত্য' প্রবন্ধ গ্রন্থটির রচয়িতা আবদুল কাদির। - গ্রন্থটি প্রকাশিত হয় ১৯৮৫ সালে। - আব্দুল কাদিরের মৃত্যুর পর বাংলা একাডেমি থেকে প্রকাশিত হয় 'লোকায়িত সাহিত্য'। আবদুল কাদির (১৯০৬-১৯৮৪) ছিলেন কবি, প্রাবন্ধিক, ছান্দসিক, সম্পাদক। - মুসলিম সাহিত্য সমাজের (১৯২৬) মাধ্যমে ঢাকায় যে বুদ্ধির মুক্তি আন্দোলন সংঘটিত হয়, আবদুল কাদির ছিলেন তার অন্যতম উদ্যোক্তা। - সংগঠনের মুখপত্র বার্ষিক শিখা (১৯২৭) পত্রিকার তিনি প্রকাশক ও লেখক ছিলেন। তাঁর অন্যান্য প্রবন্ধগ্রন্থ: - বাংলা কাব্যের ইতিহাস: মুসলিম সাধনার ধারা। - কবি নজরুল - কাজী আব্দুল ওদুদ তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ: - দিলরুবা ও - উত্তর বসন্ত। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

60.'বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি'র অন্যতম স্থপতি কে?

a. ক) আবুল ফজল

b. খ) আনিসুজ্জামান

c. গ) আহমদ শরীফ

d. ঘ) মুহম্মদ শহীদুল্লাহ্

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) মুহম্মদ শহীদুল্লাহ্ব*** বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি বাঙালি মুসলমানদের একটি সাহিত্য সংগঠন। কলকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদের (১৮৯৩) অনুপ্রেরণায় কয়েকজন উদীয়মান মুসলিম লেখক ১৯১১ সালে এটি প্রতিষ্ঠা করেন। তাঁরা হলেন - মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী, মুহম্মদ শহীদুল্লাহ্, মোহাম্মদ এয়াকুব আলী চৌধুরী, মোহাম্মদ মোজাম্মেল হক প্রমুখ। মুহম্মদ শহীদুল্লাহ্ সমিতির সম্পাদক মনোনীত হন। একটি পরিচালক পরিষদ দ্বারা সমিতি পরিচালিত হতো। ১৯১৭-১৮ সালে পরিচালক পরিষদের সভাপতি পদে ছিলেন আবদুল করিম, সহসভাপতি খান বাহাদুর আহছানউল্লা ও মোহাম্মদ আকরাম খাঁ, সম্পাদক মোজাম্মেল হক এবং ২৫জন সদস্য। সাহিত্য সমিতি বত্রিশ বছরের ইতিহাসে মুসলিম জাতীয়তাবোধের বিকাশ সাধনের চেষ্টা করে। সমিতির মাসিক সভা ও বার্ষিক সম্মেলনের ব্যবস্থা ছিল। সমিতির উদ্যোগে মোট সাতটি সাহিত্য সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৯৪৩ সালের ৮-৯ মে সমিতির সপ্তম ও শেষ বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা (বৈশাখ ১৩২৫/ এপ্রিল ১৯১৮) ও সাহিত্যিক (অগ্রহায়ণ ১৩৩৩/ ডিসেম্বর ১৯২৬) নামে এর দুটি মুখপত্র ছিল। (সূত্র: বাংলাপিডিয়া)

61.'শাশ্বত বঙ্গ' কাজী আবদুল ওদুদ রচিত একটি-

a. ক) কাব্যগ্রন্থ

b. খ) কবিতা

c. গ) উপন্যাস

d. ঘ) প্রবন্ধগ্রন্থ

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) প্রবন্ধগ্রন্থ*** 'শাশ্বত বঙ্গ' কাজী আবদুল ওদুদ রচিত একটি প্রবন্ধ সংকলন। - ১৯৫১ খ্রিষ্টাব্দে এটি সংকলন করা হয়। - প্রবন্ধগুলো ৬টি ভাগে বিভক্ত। • কাজী আবদুল ওদুদ একজন বাঙালি প্রাবন্ধিক, বিশিষ্ট সমালোচক, নাট্যকার ও জীবনীকার ছিলেন। • তাঁর রচিত উপন্যাস: - নদীবক্ষে। • তাঁর রচিত প্রবন্ধ: - শাশ্বত বঙ্গ। • সমাজ ও সাহিত্য বিষয়ক প্রবন্ধ: - কবিগুরু রবীন্দ্রনাথ - নজরুল প্রতিভা। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

62.'আবদুল্লাহ' উপন্যাসে সমাজের কোন বিষয়টি চিত্রিত হয়েছে

a. ক) আবদুল্লাহ নামক এক তরুণের জীবন সংগ্রাম

b. খ) কৃষকের জীবনের করুণ চিত্র

c. গ) বাঙালি মুসলমানের অগ্রযাত্রার সম্ভাবনা ও প্রতিবন্ধকতা

d. ঘ) মজুতদারদের শোষণ

Show Answer Show Explanation

Explanation: ***গ) বাঙালি মুসলমানের অগ্রযাত্রার সম্ভাবনা ও প্রতিবন্ধকতা*** 'আবদুল্লাহ' - উপন্যাসটির রচয়িতা কাজী ইমদাদুল হক। - এটি মোসলেম ভারত পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হতো। - ১৯৩৩ সালে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয়। - উপন্যাসটি রচনাকালীন সময়ে তার মৃত্যু হলে কাজী আনোয়ারুল কাদির ইমদাদুল হকের খসড়া অবলম্বন করে অসমাপ্ত উপন্যাসটি সমাপ্ত করেন। - উপন্যাসটিতে চিত্রিত হয়েছে গ্রামীণ মুসলিম সমাজের পিরভক্তি, ধর্মীয় কুসংস্কার, পর্দাপ্রথা, সম্প্রদায়বিদ্বেষ ইত্যাদির বিরুদ্ধে মানবতাবাদী প্রতিবাদ। - শিল্পের বিচারে 'আবদুল্লাহ্' উৎকৃষ্ট উপন্যাস নয়, তবে বাংলার সামাজিক বিবর্তনের, বিশেষ করে বাঙালি মুসলমানের অগ্রযাত্রার সম্ভাবনা ও প্রতিবন্ধকতা সুচারুভাবে ফুটে উঠায় গ্রন্থটির ঐতিহাসিক গুরুত্ব আছে। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর।

63.কোনটি জীবনানন্দ দাশ রচিত প্রবন্ধগ্রন্থ?

a. ক) মাল্যবান

b. খ) মহাপৃথিবী

c. গ) বেলা অবেলা কালবেলা

d. ঘ) কবিতার কথা

Show Answer Show Explanation

Explanation: ***ঘ) কবিতার কথা*** কবিতার কথা জীবনানন্দ দাশের প্রবন্ধগ্রন্থ যা প্রকাশিত হয় ১৯৬২ সালে। “সকলেই কবি নন, কেউ কেউ কবি” প্রবন্ধটির একটি বিখ্যাত উক্তি। মাল্যবান (১৯৭৩) জীবনানন্দ দাশ রচিত উপ্যনাস। মহাপৃথিবী (১৯৪৪) জীবনানন্দ দাশ রচিত কাব্যগ্রন্থ। বেলা অবেলা কালবেলা (১৯৬১) জীবনানন্দ দাশ রচিত কাব্যগ্রন্থ। উৎস: বাংলাপিডিয়া, বাংলা ভাষা ও সাহিতয জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর।

64.চলিত ভাষায় লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম উপন্যাস কোনটি?

a. ক) ঘরে-বাইরে

b. খ) যোগাযোগ

c. গ) গোরা

d. ঘ) মালঞ্চ

Show Answer Show Explanation

Explanation: ***ক) ঘরে-বাইরে*** ঘরে-বাইরে' (১৯১৬) চলিত ভাষায় লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম উপন্যাস। - উপন্যাসটি সবুজপত্রে প্রকাশিত হয় ১৯১৫ সালে। - স্বদেশি আন্দোলনের পটভূমিকায় রচিত হয়েছে উপন্যাসটি। - 'ঘরে-বাইরে' উপন্যাসের সাথে পাশ্চাত্য ঔপন্যাসিক স্টিভেনসনের 'প্রিন্স অটো' উপন্যাসের ভাবসাদৃশ্য আছে। উপন্যাসের চরিত্র - নিখিলেশ, বিমলা, স্বন্দীপ। রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য উপন্যাস: - চোখের বালি - গোরা - চতুরঙ্গ - চার অধ্যায় - ঘরে-বাইরে - মালঞ্চ ইত্যাদি। > প্রথম প্রকাশিত কবিতা: 'হিন্দুমেলার উপহার' (১৮৭৪) > প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ: 'কবি-কাহিনি' (১৮৭৮) > প্রথম নাটক: 'বাল্মীকি প্রতিভা' (১৮৮১) > প্রথম প্রকাশিত উপন্যাস: 'বৌঠাকুরানীর হাট' (১৮৮৩) > প্রথম প্রকাশিত ছোটগল্প: 'ভিখারিনী' (১৮৭৪) > প্রথম প্রবন্ধ: 'বিবিধ প্রসঙ্গ' (১৮৮৩) > শেষ উপন্যাস: 'চার অধ্যায়' > সর্বশেষ প্রবন্ধ: 'সভ্যতার সংকট' (১৯৪১) উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

65.'ললিতা তথা মানস' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

a. ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

b. খ) রবীন্দ্রনাথ ঠাকুর

c. গ) মাইকেল মধুসূদন দত্ত

d. ঘ) বুদ্ধদেব বসু

Show Answer Show Explanation

Explanation: ***ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়*** 'ললিতা তথা মানস' (১৮৫৬) কাব্যগ্রন্থের রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। - এটি তাঁর রচিত প্রথম কাব্যগ্রন্থ। - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ে রচিত প্রথম উপন্যাস রাজমোহনস ওয়াইফ, ইংরেজিতে লেখা। - তাঁর রচিত প্রথম বাংলা উপন্যাস দুর্গেশনন্দিনী, বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস। - 'সাম্য' গদ্যগ্রন্থের রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

66.মুসলমান সম্পাদিত প্রথম পত্রিকার সম্পাদক কে ছিলেন?

a. মুনশী আব্দুর রহিম

b. মীর মশাররফ হোসেন

c. শেখ আলীমুল্লাহ

d. ড. মুহাম্মদ শহীদুল্লাহ

Show Answer Show Explanation

Explanation: **শেখ আলীমুল্লাহ*** মুসলমান সম্পাদিত প্রথম পত্রিকা 'সমাচার সভারাজেন্দ্র'। - ১৮৩১ সালে এটি প্রথম প্রকাশিত হয়। - 'সমাচার সভারাজেন্দ্র' পত্রিকার সম্পাদক ছিলেন শেখ আলিমুল্লাহ । - এটি সাপ্তাহিক পত্রিকা ছিল। - এটি পুরোপুরি বাংলা ভাষার পত্রিকা ছিল না। ছিল বাংলা-পারসি দ্বিভাষিক পত্রিকা। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

67.'ঢাকা প্রকাশ' সাপ্তাহিক পত্রিকাটির সম্পাদক কে?

a. কৃষ্ণচন্দ্র মজুমদার

b. রামানন্দ চট্টোপাধ্যায়

c. শামসুর রাহমান

d. আবু জাফর

Show Answer Show Explanation

Explanation: ***কৃষ্ণচন্দ্র মজুমদার***

68."যে-জীবন ফড়িঙের, দোয়েলের— মানুষের সাথে তার হয়নাকো দেখা" - জীবনানন্দ দাশের কোন কবিতার পঙক্তি?

a. ক) বনলতা সেন

b. খ)আট বছর আগের একদিন

c. গ) বোধ

d. ঘ) সুচেতনা

Show Answer Show Explanation

Explanation: জীবনানন্দ দাশ প্রচারবিমুখ সাহিত্যিক ছিলেন। - তাঁকে নির্জনতার কবি, ধূসরতার কবি বলা হয়। - জীবনানন্দ দাশের অধিকাংশ রচনা মৃত্যুর পর প্রকাশিত হয়। "যে-জীবন ফড়িঙের, দোয়েলের — মানুষের সাথে তার হয়নাকো দেখা" - জীবনানন্দ দাশের "আট বছর আগের একদিন" কবিতার পঙক্তি।

69.রবীন্দ্রনাথ ঠাকুরকে 'গুরুদেব' উপাধি দেন কে?

a. ব্রহ্মবান্ধব উপাধ্যায়

b. মহাত্মা গান্ধী

c. রাণী ভিক্টোরিয়া

d. ইন্দিরা গান্ধী

Show Answer Show Explanation

Explanation: ***ব্রহ্মবান্ধব উপাধ্যায়** কবিগুরু- ক্ষিতিমোহন সেন। গুরুদেব- মহাত্মা গান্ধী। ভারতের মহাকবি - চীনা কবি চি - সি - লিজন। রবীন্দ্রনাথ ঠাকুর ব্রিটিশ সরকার কর্তৃক নাইটহুড উপাধি লাভ করে - ১৯১৫ সালে এবং নাইটহুড উপাধি ত্যাগ করে - ১৯১৯ সালে ( জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে।

70.রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যক্তিগত সচিব ছিলেন কোন সাহিত্যিক?

a. ক) জীবনানন্দ দাশ

b. খ) প্রমথ চৌধুরী

c. গ) বুদ্ধদেব বসু

d. ঘ) অমিয় চক্রবর্তী

Show Answer Show Explanation

Explanation: অমিয় চক্রবর্তী তাঁর জীবনের প্রথমদিকে রবীন্দ্রনাথের ব্যক্তিগত সচিব ছিলেন। তা সত্ত্বেও তিনি রবীন্দ্র প্রভাবিত কাব্য বলয়ের বাহিরে ছিলেন। ত্রিশ দশকের পঞ্চকবির মধ্যে তিনি একজন ছিলেন। পঞ্চকবির বাকিরা হলেন - - জীবনানন্দ দাশ - সুধীন্দ্রনাথ দত্ত - বুদ্ধদেব বসু ও - বিষ্ণু দে। উৎস: বাংলাপিডিয়া।

71.'অশনি সংকেত' উপন্যাসটির রচয়িতা কে?

a. ক) সত্যজিৎ রায়

b. খ) মানিক বন্দ্যোপাধ্যায়

c. গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

d. ঘ) মীর মোশাররফ হোসেন

Show Answer Show Explanation

Explanation: অশনি সংকেত' উপন্যাসটির রচয়িতা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। - দ্বিতীয় মহাযুদ্ধের বিষময় ফল ১৩৫০ বঙ্গাব্দের দুর্ভিক্ষ। আর এই দুর্ভিক্ষের করাল গ্রাস গ্রাম বাংলায় কিভাবে বিস্তার লাভ করেছে তাঁর নিখুত বর্ণনা লাভ করেছে এই উপন্যাসে। - উপন্যাসটি প্রথম প্রকাশিত হয় ১৯৫৯ সালে। - 'অশনি সংকেত' উপন্যাসটির পটভূমি বিভূতিভূষণের নিজ গ্রাম বরাকপুর ও তার পার্শ্ববর্তী অঞ্চল ও বনগ্রাম মহকুমা শহর। - এই উপন্যাসটি সত্যজিৎ রায় একই নামে চলচিত্রে রূপদান করেন।

72.'তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি'- কোন কাব্যের কবিতা?

a. শেষলেখা

b. আকাশ প্রদীপ

c. সেঁজুতি

d. পূরবী

Show Answer Show Explanation

Explanation: ***শেষলেখা***

73.নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ নয়?

a. পুনশ্চ

b. সেজুতি

c. ফাল্গুনী

d. ক্ষণিকা

Show Answer Show Explanation

Explanation: ***ফাল্গুনী*** ফাল্গুনী - রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক। চরিত্র - অন্ধ বাউল। কাব্যগ্রন্থ - ১. পুনশ্চ উল্লেখযোগ্য কবিতা - তীর্থযাত্রী, মুক্তি, শেষ চিঠি, ক্যামেলিয়া। ২. ক্ষণিকা কবিতা - আষাঢ়, যাত্রী, দুইবোন, কল্যাণী, সমাপ্তি।

74.অগ্নিবীণা কাকে উৎসর্গ করা হয়?

a. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

b. রবীন্দ্রনাথ ঠাকুর

c. মুহম্মদ শহীদুল্লাহ

d. বারীন্দ্রকুমার ঘোষকে

Show Answer Show Explanation

Explanation: অগ্নিবীণা কাব্যটি বিপ্লবী বারীন্দ্র কুমার ঘোষ কে উৎসর্গ করেছিলেন। অগ্নিবীণা বিংশ শতাব্দীর প্রথম দিকের অন্যতম জনপ্রিয় বাঙালি কবি কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ এটি। এটি ১৩২৯ বঙ্গাব্দে কার্তিক মাসে এই কাব্য গ্রন্থটি প্রকাশিত করা হয়। এই কাব্যগ্রন্থে অনেকগুলো কবিতা রয়েছে। এছাড়া গ্রন্থটির সর্বাগ্রে বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষ-কে উৎসর্গ করে লেখা একটি উৎসর্গ কবিতাও আছে।অগ্নিবীণা প্রচ্ছদ পটের পরিকল্পনা ছিল অবনীন্দ্রনাথ ঠাকুর এবং এঁকেছিলেন তরুণ চিত্রশিল্পী বীরেশ্বর সেন।

75.শামসুর রাহমানের আত্মজীবনী কোনটি?

a. বিধ্বস্ত নীলিমা

b. কালের ধূলোয় লেখা

c. নিজ বাসভূমে

d. বন্দী শিবির থেকে

Show Answer Show Explanation

Explanation: আধুনিক কবি শামসুর রহমানের আত্মজীবনী 'কালোর ধূলোয় লেখা'। তার এ সাহিত্যকর্মটি ২০০৪ সালে প্রকাশিত হয়। তিনি মৃত্যুবরণ করেন ২০০৬ সালের ১৭ আগস্ট।

76.রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত গল্প কোনটি?

a. একরাত্রি

b. নষ্টনীড়

c. ক্ষুধিত পাষাণ

d. মধ্যবর্তিনী

Show Answer Show Explanation

Explanation: রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত গল্পগুলো হলোঃ ক্ষুধিত পাষাণ, কঙ্কাল, নিশীথে, জীবিত ও মৃত, মনিহার, গুপ্তধন ।

77.‘ইয়ংবেঙ্গল’ গোষ্ঠীর মুখপত্র নয়?

a. এনকয়ারার

b. জ্ঞানান্বেষণ

c. জ্ঞানাঙ্কুর

d. পার্থেনন

Show Answer Show Explanation

Explanation: উত্তর: জ্ঞানাঙ্কুর। ডিরোজিও ও তাঁর শিষ্যেরা ১৮২৮ এবং ১৮৪৩ সালের মধ্যে বেশ কিছু সাময়িকী প্রকাশ করেন। এসব পত্র-পত্রিকার মধ্যে ছিল পার্থেনন, হেস্‌পারাস, জ্ঞানান্বেষণ, এনকোয়েরার, হিন্দু পাইওনিয়ার, কুইল এবং বেঙ্গল স্পেক্টেটর। পার্থেনন-এর একমাত্র সংখ্যা ১৮৩০ সালে প্রকাশিত হওয়ার পর তা বন্ধ হয়ে যায়।

78.'মানুষ হয়ে তালাশ করলে মানুষ পায়' এ গানটির রচয়িতা কে?

a. শাহ আবদুল করিম

b. সত্য সাহা

c. মোহাম্মদ মনিরুজ্জামান

d. লালন শাহ

Show Answer Show Explanation

Explanation: উত্তর: 'মানুষ হয়ে তালাশ করলে মানুষ পায়' এ গানটির রচয়িতা 'শাহ আব্দুল করিম'।

79.'নেমেসিস' নাটকের প্রেক্ষাপট কী?

a. দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে সংঘটিত মন্বন্তর

b. ১৯৪৭ এর দেশবিভাগ

c. ১৯৭১ এর মুক্তিযুদ্ধ

d. ৬৯ এর গণ অভভুত্থান

Show Answer Show Explanation

Explanation: উত্তর: দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে বাংলা (১৩৪৯-৫০ সাল) সংঘটিত মন্বন্তর এটি নুরুল মোমেনের রচিত নাটক। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে বাংলা (১৩৪৯-৫০ সাল) সংঘটিত মন্বন্তরের প্রেক্ষাপটে রচিত একটি বিখ্যাত নাটক "নেমেসিস" । ১৯৪৪ সালে নাটকটি "শনিবারের চিঠি" পত্রিকায় প্রকাশিত হয় । ১৯৪৮ সালে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয় । দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে বাংলা (১৩৪৯-৫০ সাল) সংঘটিত মন্বন্তরের প্রেক্ষাপটে রচিত একটি বিখ্যাত নাটক "নেমেসিস" । ১৯৪৪ সালে নাটকটি "শনিবারের চিঠি" পত্রিকায় প্রকাশিত হয় । ১৯৪৮ সালে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয় ।

80.টপ্পা গান'-এর জন্য বিখ্যাত-

a. মানিক দত্ত

b. রামনিধি গুপ্ত

c. ভারতচন্দ্র রায়

d. রামপ্রসাদ সেন

Show Answer Show Explanation

Explanation: উত্তর: 'টপ্পা গান'-এর জন্য বিখ্যাত- রামনিধি গুপ্ত।

81.'রাজবন্দীর রোজনামচা' কার স্মৃতিকথা?

a. শেখ মুজিবুর রমান

b. আলাউদ্দিন আল আজাদ

c. শহীদুল্লা কায়সার

d. জহির রায়হান

Show Answer Show Explanation

Explanation: রাজবন্দীর রোজনামচা' শহীদুল্লা কায়সার এর স্মৃতিকথা। রাজবন্দীর জবানবন্দী কাজী নজরুল ইসলাম লিখিত একটি প্রবন্ধ।

82.জীবনানন্দ দাশের জন্মস্থান কোন জেলায়?

a. বরিশাল

b. ফরিদপুর

c. ঢাকা

d. রাজশাহী

Show Answer Show Explanation

Explanation: উত্তর: বরিশাল।

83.পানিপথের তৃতীয় যুদ্ধ অবলম্বনে রচিত কাব্য কোনটি?

a. ক) রক্তাক্ত প্রান্তর

b. খ) কবর

c. গ) বাবুরের মহত্ত্ব

d. ঘ) মহাশ্মশান

Show Answer Show Explanation

Explanation: উত্তর: মহাশ্মশান। কায়কোবাদ (১৮৫৭-১৯৫১): - আধুনিক বাংলা মহাকাব্য ধারার শেষ কবি। তাঁর প্রকৃত নাম মোহাম্মদ কাজেম আল কোরেশী, 'কায়কোবাদ' তাঁর সাহিত্যিক ছদ্মনাম।

কায়কোবাদের \'মহাশ্মশান\' হচ্ছে মহাকাব্য। তৃতীয় পানিপথের যুদ্ধ অবলম্বনে রচিত এ কাব্যে জয়-পরাজয় অপেক্ষা ধ্বংসের ভয়াবহতা প্রকট হওয়ায় এর নাম হয়েছে 'মহাশ্মশান'। এটি তাঁর শ্রেষ্ঠ রচনা এবং এর দ্বারাই তিনি মহাকবিরূপে খ্যাতি অর্জন করেন।

## 84.নীল-দর্পণ নাটকটির ইংরেজি অনুবাদ প্রকাশিত হয় কত খ্রিষ্টাব্দে?

a. ক) ১৮৬০

b. খ) ১৮৬১

c. গ) ১৮৮০

d. ঘ) ১৮৮১

Show Answer Show Explanation

Explanation: উত্তর: খ) ১৮৬১। দীনবন্ধু মিত্র রচিত নীল-দর্পণ নাটকটি প্রকাশিত হয় ১৮৬০ খ্রিষ্টাব্দে। - নীল-দর্পণ নাটকের ইংরেজি অনুবাদ 'Nil Darpan or The Indigo Planting Mirror'। - অনুবাদটি প্রকাশিত হয় ১৮৬১ খ্রিষ্টাব্দে। - মাইকেল মধুসূদন দত্ত ইংরেজিতে অনুবাদ করেছিলেন। - মাইকেল মধুসূদন দত্ত A Native ছদ্মনামে এই অনুবাদ করেন।

## 85.রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত গ্রন্থ কোনটি?

a. অবরোধবাসিনী

b. পদ্মাবতী

c. পদ্মগোখরা

d. অচলায়তন

Show Answer Show Explanation

Explanation: উত্তর: অবরোধবাসিনী। পদ্মগোখরা ( গল্প)- কাজী নজরুল ইসলাম। শিউলিমালা গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত। পদ্মাবতী ( নাটক)- মাইকেল মধুসূদন দত্ত। পদ্মাবতী ( কাব্য)- আলাওল। পদ্মাবতী ( সমালোচনামূলক)- সৈয়দ আলী আহসান। পদ্মরাগ ( উপন্যাস)- বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন। অচলায়তন ( রূপক ও সাংকেতিক নাটক)- রবীন্দ্রনাথ ঠাকুর। চরিত্রঃ আদিনপুণ্যে, পঞ্চক।

86.‘বিষাদসিন্ধু’ কী ধরনের রচনা?

a. আত্মজীবনী

b. ঐতিহাসিক রচনা

c. মহাকাব্য

d. উপন্যাস

Show Answer Show Explanation

Explanation: উত্তর: উপন্যাস। মীর মশাররফ হোসেন রচিতঃ বিষাদসিন্ধু। - এটি একটি ইতিহাস নির্ভর উপন্যাস। - এটি তার শ্রেষ্ঠ উপন্যাস। - উপন্যাসের নায়কঃ এজিদ। - এই উপন্যাসের ৩ টি পর্ব - মহরম পর্ব, উদ্ধার পর্ব, এজিদবধ পর্ব। - একে গদ্য মহাকাব্য ও বলা হয়।

87.'মুহুর্তের কবিতা' নামক সনেট সংকলন করেন কে?

a. ক) নবীনচন্দ্র সেন

b. খ) বিজন ভট্টাচার্য

c. গ) নির্মলেন্দু গুণ

d. ঘ) ফররুখ আহমদ

Show Answer Show Explanation

Explanation: উত্তর: 'মুহুর্তের কবিতা' নামক সনেট সংকলনের রচয়িতা ফররুখ আহমদ। কবি, শিশুসাহিত্যিক ফররুখ আহমদ (১৯১৮-১৯৭৪) -এর জন্ম মাগুরা জেলার শ্রীপুর থানার মাঝাইল গ্রামে। - তিনি ছিলেন মুসলিম পুনর্জাগরণবাদী কবি। - কিশোর বয়সে কবিতা রচনার মধ্য দিয়ে ফররুখ আহমদ সাহিত্যাঙ্গনে প্রবেশ করেন। - ১৯৪৪ সালে কলকাতার দুর্ভিক্ষের পটভূমিতে ‘লাশ’ কবিতা লিখে তিনি প্রথম খ্যাতি অর্জন করেন। - তাঁর কাব্যের মৌলিক প্রবণতা মুসলিম সংস্কৃতির গৌরবকীর্তন ও জাতীয় চেতনার পুনর্জাগরণ। পাকিস্তানবাদ, ইসলামিক আদর্শ ও আরব-ইরানের ঐতিহ্য তাঁর কবিতায় উজ্জ্বলভাবে ফুটে উঠেছে। - বাংলা ভাষায় আরবি-ফারসি শব্দের প্রয়োগনৈপুণ্য এবং বিষয়বস্তু ও আঙ্গিকের অভিনবত্বে তাঁর কবিতা এক বিশেষ মর্যাদা লাভ করেছে। - ব্যঙ্গ্যকবিতা ও সনেট রচনায় তাঁর কৃতিত্ব অনস্বীকার্য। তাঁর উল্লেখযোগ্য কাব্য - সাত সাগরের মাঝি (১৯৪৪), - সিরাজাম মুনিরা (১৯৫২), - নৌফেল ও হাতেম

(১৯৬১), - মুহূর্তের কবিতা (১৯৬৩), - হাতেমতায়ী (১৯৬৬), - হাবেদা মরুর কাহিনী (১৯৮১) ইত্যাদি। তাঁর শিশুতোষ রচনা - পাখির বাসা (১৯৬৫), - হরফের ছড়া (১৯৭০), - ছড়ার আসর (১৯৭০) ইত্যাদি

88.বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য কোনটি?

a. ক) বীরাঙ্গনা কাব্য

b. খ) বাঁধন-হারা

c. গ) ছিন্নপত্র

d. ঘ) ব্রজাঙ্গনা কাব্য

Show Answer Show Explanation

Explanation: মাইকেল মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা কাব্য' বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য । - এ কাব্যে মোট ১১ টি পত্র রয়েছে । - কাব্যে মধুসূদন দত্ত পৌরাণিক নারীদের আধুনিক মানুষ হিসেবে পুণর্জাগরিত করেছেন । - 'ব্রজাঙ্গনা কাব্য' মধুসূদন দত্ত রচিত রাধা-কৃষ্ণ বিষয়ক গীতিকাব্য । - কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস ‘বাঁধন-হারা' (১৯২৭)। এটি বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস। - রবীন্দ্রনাথ ঠাকুরের ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা দেবীকে লেখা চিঠির সংকলন ‘ছিন্নপত্র’।

89.বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি কে?

a. ক) কাজী নজরুল ইসলাম

b. খ) সুকান্ত ভট্টাচার্য

c. গ) মাইকেল মধুসূদন দত্ত

d. ঘ) প্রেমেন্দ্র মিত্র

Show Answer Show Explanation

Explanation: মাইকেল মধুসূদন দত্তকে বলা হয় বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি। - কারণ সাহিত্যিক ও সামাজিক বিদ্রোহ তিনিই প্রথম করেন। - বাংলা ভাষায় রচিত প্রথম মৌলিক নাটক ‘শর্মিষ্ঠা' তিনি রচনা করেন । - তার সর্বশ্রেষ্ঠ কীর্তি অমিত্রাক্ষর ছন্দে রামায়ণের উপাখ্যান অবলম্বনে রচিত মেঘনাদবধ কাব্য নামক মহাকাব্য। তাঁর রচিত নাটক ও প্রহসন - শর্মিষ্ঠা নাটক (১৮৫৯) - একেই কি

বলে সভ্যতা? (১৮৬০) - বুড় সালিকের ঘাড়ে রোঁ (১৮৬০) - পদ্মাবতী নাটক (১৮৬০) - কৃষ্ণকুমারী নাটক (১৮৬১) - মায়া-কানন (১৮৭৪) তাঁর রচিত কাব্য - তিলোত্তমাসম্ভব কাব্য (১৮৬০) - মেঘনাদবধ কাব্য (১৮৬১) - ব্রজাঙ্গনা কাব্য (১৮৬১) - বীরাঙ্গনা কাব্য (১৮৬২) - চতুর্দশপদী কবিতাবলী (১৮৬৫)

90.'ব্রজবুলি' ভাষায় রচিত -

a. ক) চর্যাপদ

b. খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্য

c. গ) বৈষ্ণব পদাবলি

d. ঘ) পুথিসাহিত্য

Show Answer Show Explanation

Explanation: ব্রজবুলি মধ্যযুগীয় বাংলা সাহিত্যের দ্বিতীয় কাব্যভাষা বা উপভাষা। - মিথিলার কবি বিদ্যাপতি (আনু. ১৩৭৪-১৪৬০) এর উদ্ভাবক। - তিনি মৈথিলী ভাষার সঙ্গে বাংলা ভাষার মিশ্রণে এই কৃত্রিম সাহিত্যিক ভাষা উদ্ভাবন করেন। - বৈষ্ণব পদাবলির অধিকাংশই রচিত হয়েছে 'ব্রজবুলি' নামে এক কৃত্রিম মিশ্র ভাষায়। - ষোল শতকের বাঙালি বৈষ্ণব কবিরা বিদ্যাপতির পদের ভাষা ও ছন্দের অনুকরণে রাধাকৃষ্ণবিষয়ক পদ রচনা করতে শুরু করেন। - হিন্দু-মুসলিম নির্বিশেষে সকল বৈষ্ণব কবি এ ভাষায় বহু পদ রচনা করেন। - এই ধারা উনিশ শতক পর্যন্ত চলেছিল। - রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর ভানুসিংহ ঠাকুরের পদাবলী রচনা করেছেন এ ভাষায়।

91.'জন্ম যদি তব বঙ্গে' কী জাতীয় রচনা?

a. ক) মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস

b. খ) মুক্তিযুদ্ধভিত্তিক গল্প

c. গ) মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা

d. ঘ) মুক্তিযুদ্ধভিত্তিক প্রবন্ধ

Show Answer Show Explanation

Explanation: জন্ম যদি তব বঙ্গে' শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক গল্প। শওকত ওসমান - ১৯১৭ সালের ২ জানুয়ারি পশ্চিমবঙ্গের হুগলি জেলার সবলসিংহপুর গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। - তাঁর প্রকৃত নাম শেখ আজিজুর রহমান; 'শওকত ওসমান' তাঁর সাহিত্যিক নাম। - 'জাহান্নাম হইতে বিদায়', 'দুই সৈনিক' শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস। শওকত ওসমান রচিত অন্যান্য উপন্যাস - - ক্রীতদাসের হাসি, - সমাগম, - রাজা উপাখ্যান, - দুই সৈনিক, - নেকড়ে অরণ্য, - পতঙ্গ পিঞ্জর, - রাজসাক্ষী, - জলাঙ্গী, - পুরাতন খঞ্জর, - বনি আদম, - জননী, - চৌরসন্ধি, ইত্যাদি। শওকত ওসমান রচিত নাটক - - তস্কর-লস্কর, - পূর্ণ স্বাধীনতা চূর্ণ স্বাধীনতা, - আমলার মামলা। - শওকত ওসমান রচিত গল্পগ্রন্থ - - জুনু আপা ও অন্যান্য গল্প - প্রস্তর ফলক - উভসৃঙ্গ - ঈশ্বরের প্রতিদ্বন্দী, - পিঁজরাপোল ইত্যাদি।

92.বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থের নাম কি?

a. প্রতাপাদিত্য চরিত্র

b. প্রবোধ চন্দ্রিকা

c. লিপিমালা

d. কথোপকথন

Show Answer Show Explanation

Explanation:
বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থ মথি রচিত 'মঙ্গল সমাচার'। ১৮০০ সালে প্রকাশিত (অনুবাদ গ্রন্থ) বাংলা ভাষায় এবং একই সাথে বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ 'রাজা প্রতাপাদিত্য চরিত্র'। এটা এবং 'কথোপকথন' দুটোই ১৮০১ সালে প্রকাশিত হয়েছে। 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' জুলাইতে, 'কথোপকথন' আগস্টে প্রকাশিত হয়েছে। যার কারণে অনেক বইতে কথোপকথন দেয়া আছে। এজন্য অপশনে যদি দুটোই থাকে তাহলে রাজা প্রতাপাদিত্য চরিত্র হবে। আর যদি না থাকে কথোপকথন হবে। আর মঙ্গল সমাচার থাকলে সেটা উত্তর হবে। আমি ক্রমটা লিখে দিচ্ছি, প্রথমটা না থাকলে পরেরটা হবে। ১. মথি রচিত মঙ্গল সমাচার (১৮০০ সাল, অনুবাদ গ্রন্থ) ২. রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮০১ সাল। মৌলিক গ্রন্থ) ৩. কথোপকথন (১৮০১) সাল। অপশনে রাজা প্রতাপাদিত্য চরিত্র না থাকলে কথোপকথন উত্তর হবে।

93.'ঢাকা মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয় কত সালে?

a. 1926

b. 1928

c. 1964

d. 1905

Show Answer Show Explanation

Explanation: ***১৯২৬*** মুসলিম সাহিত্য সমাজ ছিল বাংলাদেশের একটি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের দল বা সংগঠন। ড. মুহম্মদ শহীদুল্লাহর সভাপতিত্বে ১৯২৬ সালের ১৯ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুসলিম হল ইউনিয়ন কক্ষে মুসলিম সাহিত্য সমাজ প্রতিষ্ঠিত হয়।

94.সর্বপ্রথম বাংলা অক্ষরের নকশা তৈরি করেন কে?

a. পঞ্চানন কর্মকার

b. হেনরি ডিরোজিও

c. চার্লস উইলকিন্স

d. জোশুয়া মার্শম্যান

Show Answer Show Explanation

Explanation: ***চার্লস উইলকিন্স*** ১৪৯৮ সালে গোয়ায় উপমহাদেশের প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয়। ১৭৭৮ খ্রিস্টাব্দে চার্লস উইলকিন্স হুগলিতে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠা করেন। তিনি নিজেই বাংলা অক্ষরের নকশা তৈরি করেন। এজন্য চার্লস উইলকিন্সকে বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয়। তবে তার নির্দেশনা অনুযায়ী পরবর্তীতে পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন।

95.'ফুলমণি ও করুণার বিবরণ' গ্রন্থের রচয়িতা কে?

a. হ্যানা ক্যাথেরিন

b. উইলিয়াম কেরি

c. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

d. বিহারীলাল চক্রবর্তী

Show Answer Show Explanation

Explanation: ***হ্যানা ক্যাথেরিন*** "ফুলমণি ও করুণার বিবরণ " গ্রন্থটির রচয়িতা হ্যানা ক্যাথরিন ম্যালেন্স। 'ফুলমণি ও করুণার বিবরণ' (১৮৫২) তাঁর উপন্যাস রচনার প্রাথমিক চেষ্টা। এতে কিছু আঞ্চলিক ভাষার প্রাধান্য লক্ষ্য করা যায়। এজন্য এ গ্রন্থকে বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ বলা হয়।

96.তিথিডোর' উপন্যাসের রচয়িতা কে?

a. ক) অন্নদাশঙ্কর রায়

b. খ) বুদ্ধদেব বসু

c. গ) রবীন্দ্রনাথ ঠাকুর

d. ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

Show Answer Show Explanation

Explanation: তিথিডোর' উপন্যাসের রচয়িতা- 'বুদ্ধদেব বসু' - উপন্যাসটির মূল উপজীব্য- প্রেম ও যৌবনের বন্দনা। বুদ্ধদেব বসু: - বুদ্ধদেব বসু ১৯০৮ সালে কুমিল্লায় জন্মগ্রহণ করেন। - রবীন্দ্রনাথের পর বাংলা সাহিত্যে বুদ্ধদেব বসুকে 'সব্যসাচী' লেখক বলা হয়। - হুমায়ুন কবিরের সাথে তাঁর সম্পাদিত ত্রৈমাসিক পত্রিকা 'চতুরঙ্গ' • বুদ্ধদেব বসু সম্পাদিত পত্রিকা- প্রগতি (১৯২৭-১৯) কবিতা (১৩৪২-৪৭) •তাঁর রচিত কাব্যগ্রন্থ: - মর্মবাণী - বন্দীর বন্দনা - কঙ্কাবতী - যে আধাঁর আলোর অধিক - মরচেপড়া পেরেকের গান - একদিন চিরদিন - স্বাগত বিদায় ইত্যাদি। বুদ্ধদেব বসু রচিত উপন্যাস: - সাড়া, - সানন্দা, - লালমেঘ, - পরিক্রমা, - কালো হাওয়া, - নির্জন স্বাক্ষর, - মৌলিনাথ, - নীলাঞ্জনের খাতা, - রাত ভরে বৃষ্টি। বুদ্ধদেব বসু রচিত নাটক: - মায়ামালঞ্চ - তপস্বী ও তরঙ্গিণী - কলকাতার ইলেক্ট্রা ও সত্যসন্ধ।

97.ভাত দে হারামজাদা ' এটি কার কবিতা?

a. ক) নীলিমা ইব্রাহিম

b. খ) আল মাহমুদ

c. গ) রফিক আজাদ

d. ঘ) সেলিম আল দীন

Show Answer Show Explanation

Explanation: রফিক আজাদ ১৯৪২ সালের ১৪ ফেব্রুয়ারি টাঙ্গাইল জেলার ঘাটাইল থানার গুণী গ্রামের এক অভিজাত পরিবারে জন্মগ্রহণ করেন। - ' ভাত দে হারামজাদা, তা-না হলে মানচিত্র খাবো ' এই পঙক্তিটি ' ভাত দে হারামজাদা ' কবিতা থেকে নেওয়া হয়েছে। - ' ভাত দে হারামজাদা ' কবিতাটি ' সীমাবদ্ধ জলে, সীমিত সবুজে ' কাব্যগ্রন্থ থেকে নেওয়া। - তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থগুলো: - অসম্ভবের পায়ে - সীমাবদ্ধ জলে, সীমিত সবুজে - চুনিয়া আমার আর্কেডিয়া - এক জীবনে - ভালোবাসার কবিতা - অঙ্গীকারের কবিতা

98.মহুয়ার পালা রচনা করেন কে?

a. ক) চন্দ্রাবতী

b. খ) দ্বিজ কানাই

c. গ) মনসুর বয়াতি

d. ঘ) নয়নচাঁদ ঘোষ

Show Answer Show Explanation

Explanation: নমশূদ্রদের ব্রাহ্মণ কবি দ্বিজ কানাই ১৬৫০ খ্রিষ্টাব্দের দিকে মহুয়া পালা রচনা করেন বলে অধ্যাপক দীনেশচন্দ্র সেনের ধারণা। এই পালার কাহিনির সঙ্গে কবির ব্যক্তিগত প্রেমবঞ্চনার বেদনার সাদৃশ্য রয়েছে। মহুয়ার পালার প্রধান কয়েকটি চরিত্র হলো: মহুয়া, নদের চাঁদ, হুমরা বেদে, সাধু।

99.নদীবক্ষে' উপন্যাসের রচয়িতা কে?

a. ক) এস ওয়াজেদ আলী

b. খ) কাজী আবদুল ওদুদ

c. গ) অদ্বৈত মল্লবর্মণ

d. ঘ) আব্দুল মান্নান সৈয়দ

Show Answer Show Explanation

Explanation: নদীবক্ষে' উপন্যাসের রচয়িতা কাজী আবদুল ওদুদ। - প্রকাশিত হয় ১৯১৮ সালে। - এটি যতখানি উপন্যাস তার চেয়ে বেশি সমাজচিত্র। চরিত্র: লালু, মতি, জমির শেখ, ইরফান মণ্ডল। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

100.'একটি কাফি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

a. ক) চোরাবালি

b. খ) উর্বশী ও আর্টেমিস

c. গ) স্মৃতি সত্তা ভবিষ্যৎ

d. ঘ) তুমি শুধু পঁচিশে বৈশাখ

Show Answer Show Explanation

Explanation: • 'একটি কাফি' কবিতাটি বিষ্ণু দে রচিত 'তুমি শুধু পঁচিশে বৈশাখ' কাব্যগ্রন্থের অন্তর্গত। কবি, প্রাবন্ধিক, চিত্রসমালোচক ও শিল্পানুরাগী বিষ্ণু দের জন্ম ১৯০৯ সালের ১৮ জুলাই কলকাতার পটলডাঙ্গায় । - ১৯২৩ সালে কল্লোল পত্রিকা প্রকাশের ফলে যে নতুন সাহিত্য উদ্যম ও ব্যতিক্রমী শিল্প চেতনার সৃষ্টি হয়, বিষ্ণু দে ছিলেন তার অন্যতম উদ্যোক্তা। - ১৯৪৮ সালে তিনি চঞ্চলকুমার চট্টোপাধ্যায়ের সহযোগিতায় সাহিত্যপত্র প্রকাশ করেন। • বিষ্ণু দে রচিত কাব্যগ্রন্থ: - সাত ভাই চম্পা (১৯৪৪) - উর্বশী ও আর্টেমিস (১৯৩৩) - চোরাবালি (১৯৩৭) - তুমি শুধু পঁচিশে বৈশাখ (১৯৫৮) - স্মৃতি সত্তা ভবিষ্যৎ (১৯৬৩) - সেই অন্ধকার চাই (১৩৩৭) ইত্যাদি।

P2A

About
BPSC Link
Privacy Policy
Terms & Conditions
Refund Policy

Helpline: 01329672052

© 2025 P2A All rights reserved